

শ্রীশ্রীকোর-গোরীদাস-লীলামৃত শ্রীপার্ট-অম্বিকা

শ্রীশ্রীগোর-গোরীদাস-শ্রীমন্দির্মের সেবাইত— শ্রীঅজিতকুমার গোস্বামী

শ্রীশ্রীমহাপ্রভুজীউ-শ্রীমন্দির হইতে গ্রন্থকার কর্ত্তক প্রকাশিত। শ্রীপাট-অম্বিকা। কালনা পোঃ, (বর্দ্ধমান)

ভিকা--পাঁচ আনা মাত্র

প্রকাশক— শ্রীঅজিতকুমার গোস্বামী শ্রীপাট-অম্বিকা। কালনা পোঃ, (বর্দ্ধমান)।

> প্রিন্টার—শ্রীফণিভূষণ রায়। প্রবর্ত্তক প্রিন্টিং ওয়ার্কস্ ৫২৷৩, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা;

নিবেদন

শ্রীচৈতন্য-লীলায় শ্রীশ্রীগৌর-গৌরীদাস-প্রেম খেলা একটা অতি মুখ্য লীলা, তাহা যে সকলেরই জ্ঞাত আছে, ইহা স্থান-চয়। শ্রীশ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুরের নাম "ভূবন-ভরা" হইয়া রহিয়াছে। পণ্ডিত ঠাকুরের শ্রীপাট দর্শনে বংসর ব্যাপি বহু ভক্তের সমাগম হইয়া থাকে। তন্মধ্যে বহু ভক্তকেই শ্রীশ্রীগোর-গোরীদাস-লীলা সম্বন্ধে বিশদভাবে জানিতে ইচ্ছক দেখা যায়। অবশ্য প্রাচীন বৈঞ্চব-গ্রন্থে সর্ব্ব বিষয়ই বর্ণিত আছে: কিন্তু সকলের পক্ষে সর্ব্ব বিষয় জানা সম্ভবপর নহে। শ্রীশ্রীগৌর-গৌরীদাস-লীলাভিজ্ঞ দর্শক-গণকে অজস্র ধারায় চোখের জল ফেলিতে দেখা যায়; আর যাঁহারা লীলা সম্বন্ধে বিশেষ কিছু জানেন না, তাঁহারাও লীলা বর্ণনা কিঞ্চিং প্রবণান্তেই আর চোখের জল চাপিয়া রাখিতে পারেন না। এইরূপে ভক্তগণের এই লীলা-বর্ণনা শ্রবণ-লিন্সাই আমাকে বর্ত্তমান লীলা-প্রবন্ধ লিখিতে অন্মপ্রাণিত করে।

পরম বৈষ্ণব দানবীর স্বর্গীয় রাজা ছবিকেশ লাহা
মহাশয়ের কনিষ্ঠ পুত্র পরম ধর্মপ্রাণ কুমার নরেন্দ্রনাথ লাহা,
এম, এ; পি, এইচ, ডি, মহাশয় এবং পরম ভক্তপ্রবর বৈষ্ণব
শ্রীযুক্ত উপেন্দ্রনাথ সেন, বি-এ, মহাশয় তাঁহাদের বিখ্যাত

"স্বর্ণ-বণিক সমাচার" মাসিক পত্রিকায় এই লীলা-প্রবন্ধটী প্রচার করিয়া ভল্তের প্রাণে যে প্রচুর আনন্দ দান-জনিত মহাপুণ্য অর্জন করিয়াছেন, আমার এই ক্ষুদ্র পুস্তকই তাহার প্রমাণ। অর্থাৎ উক্ত মাসিক পত্রিকায় "এই প্রাক্রীলোসীদাস পণ্ডিত ঠাকুর" শীর্ষক আমার এই প্রবন্ধটী প্রকাশিত হইলে উহা পুস্তকাকারে প্রকাশ করিবার জন্ম বহু ভক্ত আমাকে কৃপান্থরোধ করিতে থাকেন। কিন্তু আমার ন্যায় মা লক্ষীর কাঙ্গাল ছেলের পক্ষে প্রীশ্রীমহাপ্রভুর সেবা নির্কাহান্তে পুস্তক প্রকাশের ব্যয় নির্কাহ করা বড়ই ছ্রহ সমস্যা। যাহা হউক প্রীশ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুরের শক্তি সঞ্চারণের ফলে এবং বৈষ্ণব ও ভক্তগণের অহৈতুকী কৃপাবলেই সফলতার আশায় উদ্দিপীত হইয়া ইহা সম্পন্ন করিতে মনস্থ করিলাম।

এই প্স্তকে আমার নিজের কথা কিছু নাই। সকলই প্রাচীন গ্রন্থ মূলে লিখিত। পুস্তকখানিকে সর্ব্বাঙ্গীন স্থন্দর করিতে সাধ্যমত চেষ্টা পাইয়াছি। ভক্তগণের আনন্দবর্দ্ধন হেতু প্রীশ্রীশিক্ষাষ্টক ইহাতে সন্ধিবেশিত করিলাম এবং উহার অমুবাদ দিবার চেষ্টা পাইলাম। শ্রীশ্রীকৃষ্ণ- চৈতন্ত মহাপ্রভুর শ্রীমুখের বাণী, তাঁহার কুপা ব্যতীত হৃদয়ঙ্গম করা অসম্ভব; আমার ন্থায় মূর্থের উহা ব্যাখ্যা করিতে যাওয়া ধৃষ্টতা ভিন্ন অপর কিছুই নহে, সেই কারণ লিখিলাম "চেষ্টা পাইলাম"। শ্রীশ্রীনিত্যাবন্দ প্রভু যেমন বলাইলেন সেই মত বলিলাম। বৈষ্ণবণ্ণ ইহাতে আমার কোনও অপরাধ লইবেন না।

"মূর্থো বদতি বিষ্ণায় ধীর বদতি বিষ্ণবে। উভয়োস্ত সমং পুণ্যং ভাবগ্রাহী জনার্দ্দনঃ॥"

উক্ত "শ্রীশ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুর" শীর্ষক প্রবন্ধটি কিঞ্চিং পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন করিয়াই পুস্তকাকারে প্রকাশ করিলাম।

পুস্তকথানি যাহাতে সকলের পক্ষেই সংগ্রহ করা সম্ভবপর হয়, সেই আশায় ইহা অতি সানান্ত ভিক্ষায় বিতরিত হইল। ভক্তগণের মধ্যে ইহার বহুল প্রচার সাধিত হইলে নিজেকে কৃতার্থ জ্ঞান করিব।

জয় গুরু ! জয় গুরু !! জয় গুরু !!!

শ্রীশ্রীঝুলন পূর্ণিমা। শ্রীশ্রীগৌর-গৌরীদাস-শ্রীমন্দির শ্রীপাট-অম্বিকা। সন ১৩৪৪ সাল।

শ্রীশ্রীগোর-গোরীদাসান্ত্দাস শ্রীশ্রজিতকুমার গোস্বামী

শ্রীপাট-অম্বিকার শ্রীশ্রীরেগার-গোরীদাস সম্মিলন-স্থান ৷



৫০০ শত বৎসরের প্রাচীন তেঁতুল কৃষ্ণ।

ইহার নিমি সাদা কুঠারীব ভিতর শিশ্রীকোবীদাস পণ্ডিত ১কেরেব
প্রায়র-নিমিতি ভজন-সিংহাসন আড়ে।

শ্রীশ্রীরাধারুফাভ্যাং প্রণমাম্যহং।

শ্রীশ্রীকোর-গোরীদাস-লীদাস্ত্র

— প্রথম উচ্ছাদ —

<u>শ্রীকৃষ্ণটেতত্ত্য নিত্যানন্দাদৈতচন্দ্রায় নমুঃ।</u>

আজাত্মলম্বিত ভূজৌ কনকাবদাতৌ,
সঙ্কীৰ্ত্তনৈকপিতরো কমলায়তাক্ষো ।
বিশ্বস্তবো দ্বিজবরো যুগধর্ম পালৌ,
বন্দে জগৎ প্রিয়করো করুণাবতারো ॥
নমস্ত্রীকাল সত্যায় জগন্নাথস্থতায় চ ।
সভূত্যায় সপুত্রায় সকল ত্রায়তে নমঃ॥

ধর্মই জগৃংকে ধারণ করেন। পুষ্পমালা যেমন সূত্র দ্বারাই ধৃত হয়, সূত্র ছিন্ন হইলে কুসুমসকল যেমন ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া পড়ে, সেইরূপ জগং ধর্মরূপ সূত্রের দ্বারাই ধৃত বা অবস্থিত থাকে। ধর্মশৃত্য জগং এক মুহূর্ত্ত থাকিতে পারে না। আবার ভক্তিই সেই ধর্মের জীবনস্বরূপ, স্থতরাং ভক্তিই পরম ধর্ম। জগতে যখন গ্লানি উপস্থিত হয়, তখন শ্রীভগবান্ অংশে অবতীর্ণ হইয়া যুগধর্মাদি স্থাপন করেন; আর যখন সকল ধর্মের জীবনস্বরূপ ভক্তিধর্মের—প্রৈমধর্মের

প্রবর্ত্তন জগতে প্রয়োজন হয়, তখন অংশী স্বয়ংই ধরাধামে প্রকট হইয়া প্রথমে জগতে তাহা সংস্থাপন করেন ও পরে পুনরায় নিজ আবির্ভাব বিশেষে জগতের ভাগ্যে উদয় হইয়া সেই পূর্ব্বসঞ্চিত প্রেমভক্তি অজস্রভাবে 'সর্বজীবকে দান করিয়া থাকেন। সেই স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণচক্র অতীত দ্বাপর যুগে যে প্রেম ব্রজ-ভূমিতে সঞ্চয় করিয়া রাখিয়াছিলেন, তাহাই বর্ত্তমান কলিযুগের প্রথম সন্ধ্যায় নিজ আবির্ভাব-বিশেষে শ্রীকৃষ্ণচৈতক্তরূপে অবতীর্ণ হইয়া সপরিকর সেই প্রেমর্থ্য জাতিবর্ণনির্বিশেষে সকল মন্ত্র্যা সপরিকর সেই প্রেমর্থ্য জাতিবর্ণনির্বিশেষে সকল মন্ত্র্যা সকল জীবকে অজস্রভাবে দান করিয়া শ্রীভগবানের সকল স্বরূপের মধ্যে পরম উদাররূপে বিবেচিত হইয়াছিলেন; যেহেতু এরূপ অত্যাশ্চর্য্য উদারতা ও জীব-জগতের প্রতি এত বড় মহান্ কুপা-বিস্তার জগতের ভাগ্যে আর কখনও ঘটে নাই।

জগং যখন ভক্তিশৃন্থ হইয়া পড়িতেছিল, বাণীর পীঠস্থানস্বরূপ শ্রীনবদ্বীপের পণ্ডিতসকল যখন নীরস, শুষ্ক হেতুবাদ,
বাকবিতণ্ডা লইয়া কালক্ষয় করিতেছিলেন, সাধারণ লোকসকল যখন ধর্মের প্রকৃত মর্ম ভুলিয়া বামাচার, কদাচার
প্রভৃতি লইয়া মত্ত ছিল; নানাপ্রকার অনাচার—অবিচার—
অত্যাচারে দেশ যখন পূর্ণ হইয়া উঠিতেছিল, জগাই-মাধায়ের
ন্থায় অবিদ্যা ও অহমিকার তাণ্ডব যখন দেশের সভ্যতাকে
গ্রাস করিবার উপক্রম করিতেছিল, দেশের সেই ঘোর
ন্থানিনে জীবহুংখে বিগলিতপ্রাণ্ শ্রীল অদ্বৈত প্রভুর কাতর

আহ্বানে গোলকে শ্রীভগবান্ আর নিশ্চিন্ত থাকিতে পারিলেন না। তাহা ভিন্ন তিনি নিজেই বলিয়াছেন,—

> ''যুগধৰ্ম প্ৰবৰ্ত্তন হয় অংশ হইতে। আমা বিনা কেহ নারে ব্ৰজ-প্ৰেম দিতে॥"

> > — শ্রীনিটেতগুচরিতামত

অতএব জগতে সেই ব্রজ-প্রেমধর্ম প্রচারের সময়ও স্মাগত জানিয়া গোলকবিহারী, পূর্ণব্রহ্মসনাতন স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্র নব্দ্বীপে শ্রীশচীমাতার গর্ভসিন্ধু হুইতে শ্রীগৌরচন্দ্রমপে উদিত হুইলেন।

স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্র যখন শ্রীচৈতন্সরূপে নিজ ভাব বিশেষ আস্বাদনের সহিত নিজ নাম ও প্রেমের উত্তাল তরঙ্গে জগৎ প্লাবিত করিতে আসিলেন, তখন সঙ্গে আসিলেন ব্রজের সেই পূর্বপরিকর ও পারিষদ্গণ,—যাঁহারা শ্রীনবদ্বীপলীলায় চৌষট্টি মহান্ত, দাদশ গোপাল, অন্ত কবিরাজ, ছয় গোস্বামীনামে স্থপ্রসিদ্ধ হইয়াছিলেন। পূর্ববর্তী দ্বাপরের শ্রীব্রজলীলায় শ্রীবলরাম ও শ্রীকৃষ্ণ যেমন উভয়ে অভিন্ন কলেবর হইয়া প্রকাশ-ভেদে ভিন্ন মাত্র ছিলেন, কলিযুগে শ্রীগোরাঙ্গলীলায় শ্রীনিত্যানন্দ প্রভু ও শ্রীকৃষ্ণচৈতন্ত প্রভু সেইরূপ। শ্রীকৃষ্ণের ব্রজ-স্থাগণেব মধ্যে দ্বাদশ জন,—যাঁহারা কলিতে দ্বাদশ গোপাল নামে স্থপরি।চত ছিলেন, তাঁহাদিগের মধ্যে শ্রীস্থবলই ছিলেন শ্রীকৃষ্ণের সর্ব্বাপেক্ষা প্রিয়তম। ত্রী

প্রীকৃষ্ণলীলা মাধুর্য্য যে কত বেশী ফুটাইয়া তুলিয়াছেন এই শ্রীস্থবল, তাহা বৈষ্ণব-প্রস্থেই পাওয়া যায়। শ্রীকৃষ্ণ প্রাণের কাতরতা শ্রীস্থবলকেই অধিক পরিমাণে বলিয়া তাহা নিবারণ করিতেন। শ্রীরাধা-কৃষ্ণ-মিলনে অতি তৎপর এই শ্রীস্থবলকে ভিন্ন শ্রীকৃষ্ণের অন্য উপায় ছিল না। শ্রীরাধাকৃষ্ণ-মিলন-কৃঞ্জে যেখানে সখিগণের পর্য্যন্ত অবস্থান করিবার অধিকার ছিল না, সেখানে এই শ্রীস্থবলকে আমরা শ্রীরাধাকৃষ্ণ মিলন সময়ে তাঁহাদের সেবারত অবস্থায় দেখিতে পাই।

শ্রীউচ্ছলনীলমণি গ্রন্থে সহায়-ভেদে ৭ম অঙ্কে আছে :—
প্রত্যাবর্ত্তয়তি প্রসাদ্যললনাং ক্রীড়াকলি প্রস্থিতাং
শয্যাং কুঞ্জগৃহে করোত্যঘভিদঃ কন্দর্পলীলোচিতাং।
স্বিন্ধং বীজয়তি প্রিয়াছদি পরিস্রস্তাঙ্গমুচৈরমুং
কঃ শ্রীমানধিকারিতাং ন স্থবলঃ সেবাবিধৌ বিন্দতিঃ॥

্ শ্রীস্কুবলের গুণবর্ণনা আমার মত ক্ষুদ্র ব্যক্তি আর কি
কবিবে। ভব্লিরত্বাকরে যথার্থ ই লেখা আছে.—

"এ সুবল কৃষ্ণ প্রিয় পরম সুন্দর! যার চরিত্রাদি যত্নে বর্ণে বিজ্ঞবর॥"

এই শ্রীস্কবলই কলিযুগে শ্রীনবদ্বীপলীলায় শ্রীগোরীদাস পণ্ডিত নামে পরিচিত।

> "শ্রীস্থবল গৌরীদাস বিদিত সর্বত্ত। , অভিন্ন চৈতক্ত নিত্যানন্দ প্রিয় পাত্ত॥"

> > -ভক্তিরত্বাকর

শ্রীগোরগণোদ্দেশ দীপিকা গ্রন্থে,—
"স্থবলো যঃ প্রিয়শ্রেষ্ঠঃ স গৌরীদাস পণ্ডিতঃ।" অম্যত্র,—

"পুরা স্থবলচন্দ্রং শ্রীগোরীদাস গুণাম্বিতং। শ্রীকৃষ্ণতৈতন্ত্র-নিত্যানন্দপ্রিয়মহং ভজে॥" শ্রীভক্তমাল গ্রন্থে.—

"প্রসিদ্ধ পণ্ডিত শ্রীগৌরীদাস স্থবল।" শ্রীশ্রীবৃন্দাবনদাস ঠাকুর-কৃত বৈষ্ণব বন্দনা গ্রন্থে,— "স্থবল করিয়া যারে পুরাণে কহিল। গৌরীদাস পণ্ডিতেরে সকলে জানিল॥"

ঞ্জীঅনন্ত সংহিতায়,—

"স্থবলো মে প্রিয়সখো গৌরীদাসাখ্যপণ্ডিতঃ।" শ্রীচৈতক্ত ভাগবতে,—

> "গোরীদাস পণ্ডিত পরম ভাগ্যবান্। কায়্মনবাক্যে নিত্যানন্দ যাঁর প্রাণ॥

শ্রীগোরীদাসের পৈত্রিক বাড়ী শালিগ্রামে। বাল্যকাল হইতে গোরীদাস বড় নিষ্ঠাবান্ ছিলেন। সর্ব্বদাই চিস্তা করিতেন, কি করিয়া একাগ্রচিত্তে কেবল কৃষ্ণ-ভজন করা যায়। স্থযোগ অল্প দিনের মধ্যেই মিলিয়া গেল। যিনি গোরলীলা বিশদভাবে প্রকট করিতে জন্মগ্রহণ করিয়াছেন, তাঁহার স্থযোগ মিলিতে কি আর সময় লাগে! যখন শ্রীগোরাঙ্গদেব কৃষ্ণ-প্রেমে নবদ্বীপকে ভাসাইয়া শাস্তিপুর প্রায় ডুবাইতে চলিলেন, তখন আমাদের চিরভক্ত গৌরীদাসের প্রাণেও টান দিলেন। গ্রীগোরীদাস জ্যেষ্ঠ ভ্রাতার অনুমতি লইয়া সংসার বন্ধন ছিন্ধ করিয়া শালিগ্রাম হইতে অম্বিকায় চলিয়া আসিলেন। এত জায়গা থাকিতে তিনি কৃষ্ণ-ভজনের জন্ম অম্বিকা যে কেন স্থির করিলেন, তখন তিনি নিজেই তাহা জানেন না। যাঁহার ইচ্ছায় তিনি সংসার মায়া কাটাইয়া চলিয়া আসিলেন, তিনিই তাঁহাকে যেন কাণে কাণে বলিয়া দিলেন যে, কৃষ্ণ-প্রেমে নবদ্বীপ ভাসিয়া গিয়াছে, শান্তিপুরও ডুবিতে চলিল,—সেই প্রেমের চেউ ঐ তুই জায়গার মধ্যবর্ত্তী স্থান অম্বিকাকেও ভাসাইবে; অতএব কুলুম্বনাশিনী, পতিত-পাবনী ভাগীরথিস্পর্শে চিরপবিত্র সেই অম্বিকা নগরী কৃষ্ণ ভজনের প্রকৃষ্ট স্থান বলিয়া তিনি নির্ণয় করিলেন। জ্রীগৌরী-দাস অম্বিকায় আসিয়া এক আমলী (তেঁতুল) গাছ তলায় কুটির নির্ম্মাণ করিয়া নির্জ্জনে সর্ব্বদাই কৃষ্ণ-ভজনে রত হইলেন।

এইরূপে কিছুদিন ভজনের পর শ্রীগোরীদাস হঠাৎ একদিন দেখিলেন যে এক জ্যোতির্ম্ময় মূর্ত্তি নৌকার একখানি বৈঠা স্কন্ধে লইয়া গঙ্গাতীর হইতে তাঁহার দিকে আসিতেছেন। সেই মূর্ত্তি আরও কিছু নিকটবর্ত্তী হইলে, তিনি মনে করিলেন— এই কি আমার প্রাণের ঠাকুর, এই কি আমার হৃদয়সর্ববস্ব; এরূপ মূর্ত্তিণ্ড মানবের কখনও সম্ভবপর নহে; যাঁহাকে আজ এতদিন ধরিয়া ডাকিতেছি, যাঁহাকে দর্শন করিবার জন্ম প্রাণ

আমার এত কাতর—সেই প্রভু কি আমার কুটির দ্বারে স্বয়ং व्यामित्नन १-श्रीशोतीमाम প্রচুর আনন্দে, বিহ্বলচিত্তে, নির্ব্বাক্ নিম্পন্দভাবে দাঁড়াইয়া সেই মূর্ত্তি দর্শন করিতে লাগিলেন। ততক্ষণে শ্রীশচীনন্দন তাঁহার নিকটে আসিয়া বলিলেন,—"পণ্ডিত! আমি শান্তিপুর হইতে হরিনদী গ্রামে আসিয়া নৌকা করিয়া গঙ্গা পার হইলাম ৷ এই বৈঠা দিয়া আমি নিজেই নৌকা বাহিয়াছি। এই বৈঠা তোমাকে দিলাম,—তুমি এই বৈঠা দ্বারা জীবগণকে ভবনদী পার করিয়া উদ্ধার কর।" শ্রীগৌরীদাস যথন নিজ কর্ণে ভক্তের ভগবান একীগৌরচন্দ্রের আদেশ শুনিলেন এবং যখন বুঝিলেন যে নবদ্বীপের শ্রীনিমাই তাঁহার সম্মুখে, তখন তিনি আনন্দমত্ত অবস্থায় শ্রীগোরাঙ্গদেবের চরণে পড়িতে গেলেন, অম্নি প্রভু তাহাকে হৃদয়ে ধারণ করিলেন। শ্রীগৌরীদাসের শঙ্কা হইতেছিল যে, তিনি প্রভু-দত্ত বৈঠা লইবার উপযুক্ত কি না,—প্রভুর প্রেমালিঙ্গনে তাহার সে শঙ্কা ঘুচিয়া গেল। শ্রীভগবান শ্রীচৈতম্য তাঁহাতে শক্তি সঞ্চার করিলেন। তিনিও সেই শক্তি দারা প্রভূ-দত্ত শ্রীবৈঠা মাথায় উঠাইয়া লইলেন।

"একদিন শান্তিপুর হইতে গৌররায়। গঙ্গা পার হৈয়া আইলেন অম্বিকায়॥ পণ্ডিতে কহয়ে শান্তিপুর গিয়াছিলু। হরিনদী গ্রামে আসি নৌকায় চড়িলু॥ গঙ্গাপার হৈলু নৌকা বহি এ বৈঠায়। এই লেহ বৈঠা এবে দিলাম তোমায়॥ ভবনদী হইতে পার করহ জীবেরে। এত কহি আলিঙ্গন কৈলা পণ্ডিতেরে॥"

—ভক্তিরত্বাকর

শ্রীগোরীদাসের আজ্ব আর আনন্দ ধরে না। একে তিনি একজ্বন কৃষ্ণভজক গোর-পারিষদ্, তাহাতে আবার স্বয়ং ভগবান্ শ্রীচৈতন্ত তাঁহার সম্মুখে; তিনি জ্ঞানশূন্ত হইয়া শ্রীবৈঠা মস্তকে রাখিয়া নাচিতে লাগিলেন। সে নৃত্য দেখিয়া পশুপক্ষিজীবগণ সকলেই আনন্দে ডগমগ। কিছুক্ষণ নৃত্য করিবার পর প্রভু পশুতকে শাস্ত করিয়া আমলীতলায় তাঁহার সহিত বিশ্রাম ও আলাপ করিতে লাগিলেন।

তখন কি রকম লীলা হইয়াছিল, প্রাচীন বৈষ্ণব কবির পদে তাহা শ্রবণ করুন,—

"গৌরীদাস সঙ্গে, কৃষ্ণ কথা রঙ্গে,
বসিলা গৌর-হরি।
ভাবে হিয়া ভোর, ঘন দেয় কোর
দোহে গলা ধরাধরি॥
ভাব সম্বরিয়া, প্রভুরে বসাঞা,
গৌরীদাস গৃহ হৈতে।
চম্পুকের মাল, আনিয়া তৎকাল,
গলে দিল আচম্বিতে॥

চম্পকের হার, চাহে বার বার, আমার গৌরবায়।

রাধার বরণ, হইল স্মরণ,

প্রেমধারা বহে গায়॥

প্রভু কহে বাস, শুন গৌরীদাস,

মনেতে পড়িল রাধা।

বাস্থ ঘোষে কয়, বাই রসময়,

দেখিতে হইল সাধা॥"

শ্রীচৈতগ্যদেব নবদ্বীপ-লীলারস আস্বাদন করাইবার জন্ম শ্রীগোরীদাসকে সঙ্গে করিয়া শ্রীধাম নবদ্বীপে লইয়া গিয়া-ছিলেন। সেথানে লইয়া গিয়া শ্রীগোরীদাসের সহিত প্রভূ কিছুদিন গুপ্ত-লীলা করেন।

সেই লীলারস প্রাচীন বৈষ্ণব পদে ভক্তগণ কিছু আস্বাদন করুন.—

"গৌরীদাস করি সঙ্গে, আনন্দিত তমু রঙ্গে, চলি যায় গোরা গুণমণি।

ভাবে অঙ্গ থরথরি, তুনয়নে বহে বারি, চাহে গৌরীদাসের মুখখানি॥

আচম্বিতে অচৈতন্ত, প্রেমাবেশে শ্রীচৈতন্ত,

পড়ি গেলা স্বরধনী তীরে।

গৌরীদাস খীরে ধীরে, ধরিয়া করিল ক্লোরে,

কোন হুখ কহত আমারে॥

কহিবার কথা নয়, কেমনে কহিব তায়,
মরি আমি বুক বিদরিয়া।
বাস্থ কহে আহা মরি, রাধা ভাবে গৌরহরি,
ধরিতে নার্যে নিজ হিযা॥"

"ভক্তিরত্নাকরে" লেখা আছে "অদ্ভূত-লীলা"; প্রীগৌরীদাসের লীলা সত্যই অদ্ভূত। কারণ ইহা অতি অন্তরঙ্গ লীলা,
সেই কারণ বহিরঙ্গের লীলার স্থায় ইহা সমস্ত নরচক্ষুতে
পরিক্ষৃট হয় নাই। যে টুকু শুধু নরচক্ষুর জন্ম করিয়াছিলেন,
—সেই টুকুই অপরে জানিতে পারিয়াছেন। প্রীগৌরাদাসের
সহিত নবদ্বীপে কিছুদিন লীলা করিবার পর মহাপ্রভূ তাঁহাকে
স্বহস্তলিখিত একখানি শ্রীগীতা দান করেন। পণ্ডিত ঠাকুর
প্রভূর নিজ হস্তে লিখিত সেই শ্রীগীতাখানি অম্বিকায় লইয়া
আইসেন এবং অহরহ সেই গীতা পাঠ করিতে থাকেন।

"পণ্ডিতে লইয়া প্রভু গেল নদীয়ায়। করিলেন মগ্ন অতি অদ্ভূত লীলায়॥ কে বুঝিতে পারে গৌরচন্দ্রের চরিত। পণ্ডিতে দিলেন আপনার গীতামৃত॥ কিছু দিনে পণ্ডিত আসিয়া অম্বিকায়। প্রভুদত্ত গীতা পাঠ করেন সদায়॥"

—ভক্তিরত্বাকর

্ শ্রীকৃঞ্চচৈত্রগৃদেব প্রদত্ত শ্রীগীতা ও শ্রীবৈঠা পাইয়া শ্রীগোরী-দাস যে জীব উদ্ধার করিবার উপযুক্ত কত বেশী শক্তি পাইয়া- ছিলেন, শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী মহাশয়ই তাহা তাঁহার শ্রীশ্রীচৈতক্যচরিতামৃত গ্রন্থে আদি খণ্ড একাদশ পরিচ্ছেদে লিখিয়া গিয়াছেন,—

> ''গৌরীদাস পণ্ডিত, যার প্রেমোদ্দণ্ড ভক্তি। কৃষ্ণপ্রেম দিতে নিতে, ধরে মহাশক্তি॥"

শ্রীশ্রীগোর-গোরীদাসের সন্মিলন স্থান, সেই আমলী বৃক্ষ এবং শ্রীগোরীদাসের সেই প্রস্তর-নির্দ্মিত ভজন-সিংহাসন অভাবধি অম্বিকায় বিরাজ করিতেছেন এবং প্রভুর শ্রীহস্ত লিখিত সেই শ্রীগীতা ও প্রভুদত্ত সেই শ্রীবৈঠার আজও শ্রীপাট অম্বিকায় শ্রীগোরীদাস-শ্রীমন্দিরে সেবা-পূজা হইয়া আসিতেছে। বহু ভাগ্যবান্ ভক্ত তাহা নিজ চক্ষে দর্শন করিয়া গিয়াছেন। যাঁহাদের ভাগ্যে এখনও দর্শন ঘটে নাই, তাঁহারা যেন অচিরে শ্রীপাট অম্বিকায় আসিয়া তাহা দর্শন করেন।

"প্রভুর শ্রাহন্তের অক্ষর গীতাখানি।
দর্শনে যে সুখ তাহা কহিতে না জানি॥
প্রভুদত্ত গীতা বৈঠা প্রভু সন্নিধানে।
অদ্যাপিও অম্বিকায় দেখে ভাগ্যবানে॥"

—ভক্তিরত্বাকর

শ্রীপাট-অম্বিকায় শ্রীগোরীদাসের সেই আমলী বৃক্ষই যে আজ শ্রীগোর-গোরীদাস-সম্মিলনের সাক্ষীরূপে বিরাজ করিতেছেন, এই অস্তৃত আমলী বৃক্ষ নিজেই তাহার প্রমাণ। এই বৃক্ষের কাণ্ড অর্দ্ধগোলাকার ভাবে খোলা। কাণ্ডের

(গুঁড়ির) সারাংশটি সম্পূর্ণ শুষ্ক ও নীরস। কেবলমাত্র কাঁচা ছাল সেই শুষ্ক, নীরস কাণ্ড অবলম্বন করিয়া মাটির সহিত সংযুক্তভাবে এই প্রকাণ্ড গাছকে সঞ্জীবিত রাখিয়াছে। আরও আশ্চর্যোর বিষয় যে. সেই অর্দ্ধগোলাকার কাণ্ডের ভিতরাংশে শুষ্ক কাষ্ঠের উপর কিছু কাঁচা ছাল আসিয়া এক মন্তব্যমূর্ত্তির স্ষ্টি করিয়াছে। এই মনুষ্যমূর্ত্তি এত স্কুস্পষ্ট যে, ইহা যে কোনও বালকেও বুঝিতে পারে। এই মূর্ত্তির তুইটী চরণ, কোমর, বক্ষ, বাহু, বগল, স্কন্ধ, গ্রীবা, মস্তক প্রভৃতি সকলই দেখিতে পাওয়া যায়। ইহা দেখিলেই মনে হয় যেন একটি মনুষ্যমূর্ত্তি গাছের কাণ্ডে সংযুক্ত আছে। বহু ভক্ত এই শ্রীবৃক্ষ সংযুক্ত মনুষ্য মূর্ত্তি দর্শন করিয়াছেন। তবে অনেকে আবার না জানা হেতু শ্রীপাট দর্শনে আসিয়াও উহার দর্শন হইতে বঞ্চিত থাকিতে পারেন; সেই জন্ম সকলের জ্ঞাত কারণ ইহা উল্লেখ করিলাম। ইহা সকলেই জানেন যে ভগবংলীলায় সবই সম্ভব এবং সেই লীলা হেতু এই এীমূর্ত্তিরও প্রকাশ।

শ্রীশ্রীগোরীদাস এইরূপে অম্বিকায় শ্রীনিতাই-চৈত্র ভজন ও প্রভুদন্ত গীতাপাঠজনিত বিপুল আনন্দরসে মগ্ন থাকিয়া দিনাতিপাত করিতে লাগিলেন। কিছুদিন পরে যখন তিনি শুনিলেন, প্রভু সন্ন্যাস গ্রহণ করিয়াছেন এবং শ্রীনিত্যানন্দ প্রভু বুন্দাবন জুমে তাঁহাকে শাস্তিপুরে শ্রীল অবৈত প্রভুর মন্দিরে বহু কন্তে লইয়া গিয়াছেন,—তখন তাঁহার সন্ন্যাসের উপর রাগ হইল। শচীমাতার কন্ত,

শ্রীশ্রীগোর-গোরীদাস সম্মিলন-স্থানের

প্রাচীন তেঁতুল রক্ষের কাণ্ডে মনুষ্য মূন্তি।



ক ও থ—চর্ণদ্য, গ—কটিদেশ, ঘ—দক্ষিণ্বাহু, চ—ক্ষ্ম, ৮—বক্ষ, জ—-মন্তক, ঝ—বটবুক্ষের লায় ঝুরি নীমিয়াছে। তেঁতুল গাছে এইরূপ ঝুরি নামিতে দেখায়ানা।

বিষ্ণুপ্রিয়ার মর্দ্মান্তিক যাতনা, ভক্তবন্দের বিপুল আক্ষেপ,— কোনও দিকে লক্ষ্য না করিয়া কেবল আত্মতৃপ্তির জন্ম প্রভু সন্ন্যাস গ্রহণ করিলেন, এই ভাবিয়া প্রভুর উপর তাঁহার অভিমান হইল। শ্রীভগবান্ সব সহা করিলেও, ভক্তের অভিমান সহিতে পারেন না। যেখানে ভক্ত শ্রীভগবানের উপর অভিমান করিয়াছেন, সেইখানেই শ্রীভগবানকে স্বয়ং উপস্থিত হইতে হইয়াছে। অভিমানের জোরেই শ্রীল অদ্বৈত প্রভু শ্রীগৌরাঙ্গদেবকে শাস্তিপুরে টানিয়া আনিয়াছিলেন এবং সেই জগুই শ্রীচৈতগ্যদেব শ্রীমৎ অদ্বৈত প্রভূকে "কিলিয়ে" প্রেম দিয়াছিলেন, আর প্রভুর শ্রীহস্তের সেই "কিল" খাইয়া শ্রীঅদৈত প্রভুর প্রেমলীলার সেই নৃত্য এত মধুর হইয়াছিল। বহু ভক্ত, বহু লোক এমন কি ঞ্রীশচীমাতা পর্য্যন্ত প্রভুকে দর্শন করিবার জন্ম শান্তিপুরে শ্রীঅদৈত-ভবনে গিয়াছিলেন, যান নাই কেবল আমাদের ভক্তপ্রবর শ্রীগোরীদাস,। শ্রীগোরীদাসের অভিমান তথন বড় ভীষণ হইয়াছে,—তিনি তখন কেবল ক্রন্সন করেন আর প্রভুর নাম লইয়া অভিমান ভরে তাঁহাকে দোষ দেন। শ্রীশ্রীচৈতগ্য-চরিতামৃত গ্রন্থে উল্লেখ আছে যে প্রেমাভিমানী ভক্তের এই রকম এক একটি বাকা শ্রীভগবানের নিকট বেদস্তবি হইতেও মধুর।

> "প্রিয়া যদি মান করি করয়ে ভর্ৎসন। বেদস্তুতি হইতে তাহা হরে মোর মন॥"

শ্রীভগবান শ্রীকৃষ্ণচৈতন্ম ভক্তের এইরূপ অভিমানে আর স্থির থাকিতে পারিলেন না। তিনি শ্রীনিত্যানন্দ প্রভুকে সঙ্গে লইয়া অম্বিকায় আসিয়া শ্রীগোরীদাসের সম্মুখে উপস্থিত হইলেন। নিজ প্রভুদয়কে সম্মুখে দেখিয়া এীগোরীদাসের অভিমান কোথায় উড়িয়া গেল। তিনি আনন্দে নৃত্য করিতে করিতে আসিয়া প্রভুদের চরণে পড়িলেন। তাঁহারাও তাঁহাকে অমনি বক্ষে ধরিয়া প্রেমালিঙ্গনে বদ্ধ করিলেন। তখন সকলেরই আনন্দ উথলিয়া উঠিল। পণ্ডিত বহু স্ত্রতি ,করিয়া প্রভুদের বলিতে লাগিলেন,—"তোমরা আমার বাড়ী ছাড়িয়া কোথাও যাইও না। তোমর। সন্ন্যাস লইয়া নীলাচলে চলিয়া গেলে আমি আর কাহাকে লইয়া এবং কিসের জন্মই বা জীবনধারণ করিব ? আমাকে এইরূপ মৃত্যু যন্ত্রণা দিয়া ত্বঃখ-সাগরে ভাসাইয়া তোমরা চলিয়া গেলে আমি নিশ্চয়ই ্সার প্রাণ রাখিব না।" তখন যে ঘটনা ঘটিল, প্রাচীন পৈদের প্রাণমাতান ভাষায় তাহা শ্রবণ করুন,—

"ঠাকুর পণ্ডিতের বাড়ী, গোরা নাচে ফিরি ফিরি, নিত্যানন্দ বলে হরি হরি। কাঁদি গৌরীদাস বলে, পড়ি প্রভুর পদতলে, কভু না ছাড়িবে মোর বাড়ী॥

আমার বচন রাখ, অস্বিকা নগরে থাক, এই নিবেদন তুয়া পায়। যদি ছাড়ি যাবে তুমি, নিশ্চয় মরিব আমি, রহিব সে নিরখিয়া কায়॥
তোমরা যে হুটি ভাই, থাক মোর এই ঠাঁই, তবে সবার হবে পরিত্রাণ।
পুনঃ নিবেদন করি, না ছাড়িও গৌরহরি, তবে জানি পতিতপাবন॥"

---গীত-কল্পতরু

পণ্ডিতের এইরূপ কাতরতা দর্শনে শ্রীচৈতন্য মহাপ্রভু তাঁহাকে অনেক প্রবোধ দিলেন। প্রভু তাঁহাকে তাঁহাদের মূর্ণ্ডি সেবা করিতে বলিলেন। প্রভু আরও বলিলেন,— "পণ্ডিত! আমি সন্ন্যাস লইয়া কাহারও বাড়ীতে চিরকাল কি করিয়া থাকিব ? এ তোমার অতি অভ্তুত কথা। তুমি আমার মূর্ণ্ডি সেবা কর।" ভক্তের মনোবাঞ্চা পূর্ণ করিতে আর কি করিতে হইল,—

"প্রভু ক্হে গৌরীদাস, ছাড়হ এমন আশ, প্রতিমৃত্তি সেবা করি দেখ।
তাহাতে আছি যে আমি, নিশ্চয় জানিহ তুমি,
সত্য মোর এই বাক্য রাখ॥
এত শুনি গৌরীদাস, ছাড়ি দীর্ঘ নিঃশ্বাস,
ফুকরি ফুকরি পুনঃ কান্দে।
পুনঃ সেই ছই ভাই, প্রবোধ করিল তায়,
তবু হিয়া থির নাহি বান্ধে॥

কহে দীন কৃষ্ণদাস, চৈতস্য চরণে আশ,

ছই ভাই রহিল তথায়।

ঠাকুর পণ্ডিতের প্রেমে, বন্দী হইলা ছইজনে,
ভকতবংসল তেঞি গায়॥"

এইরপে প্রভূ বহু রকমে পণ্ডিতকে আশ্বাস দিলেন, কিন্তু পণ্ডিতের মন কিছুতেই শান্তি পাইল না। শ্রীগৌরীদাস যখন কোনও প্রকারেই মনকে স্কুস্থ করিতে পারিলেন না, তখন প্রভূকে উপায় স্থির করিয়া স্পৃষ্ট বলিতে হইল,—

"পণ্ডিতের মন জানি প্রভু গৌরহরি।
একদিন পণ্ডিতেরে কহয়ে যত্ন করি॥
নবদ্বীপ হইতে নিম্ব বৃক্ষ আনাইবে।
মোর ভ্রাতা সহ মোরে নির্মাণ করাইবে॥
অনায়াসে নির্মাণ হইব মূর্ত্তিদ্বয়।
তুয়া অভিলাষ পূর্ণ করিব নিশ্চয়॥"

—ভক্তিরত্বাকর

এই কথা শুনিয়া পণ্ডিতের আর আনন্দ ধরে না।
নবদীপে যে নিম্ববৃক্ষের তলায় শ্রীগোরাঙ্গদেব জন্মগ্রহণ
ক্রিয়াছিলেন এবং যাহার জন্ম তাঁহার নাম হইয়াছিল
শ্রীনিমাই, শ্রীগোরীদাস অতি তৎপর সেই নিম্ববৃক্ষ আনাইয়া
প্রাঞ্জুদের মূর্ত্তি প্রস্তুত করাইলেন। কে যে এই মূর্ত্তি প্রস্তুত

করিলেন, "ভক্তিরত্বাকর" গ্রন্থে তাহার উল্লেখ নাই। কেবল মাত্র এই কথা আছে,—

> "যে নির্মাণ করিল সে প্রভুর কৃপা-পাত্র। আপনি প্রকটয়ে অন্সের ছল মাত্র॥"

শ্রীগোরীদাসের প্রভ্রষয়ের এই শ্রীমূর্ত্তি, প্রভূ যে নিজে প্রকট করিয়াছেন, তাহাতে আর সন্দেহ কি। তবে "শ্রীঅদ্বৈত-প্রকাশ" গ্রন্থ পাঠ করিলে মনে হয়, শ্রীগোরীদাস নিজেই ভাস্কররূপে এই মূর্ত্তি নির্মাণ করেন।

শ্রীমান্ গৌরীদাস শিল্প কার্য্যে পটুতর।
ঐছে শিল্প নাহি জানি ভুবন ভিতর॥

--অদ্বৈত-প্রকাশ

উক্ত গ্রন্থ হইতে আরও জানা যায় যে, শ্রীল অদৈত প্রভ্ স্বয়ং এই শ্রীমৃর্ত্তিদয়ের প্রতিষ্ঠা কার্য্যাদি সম্পাদম করিয়াছিলেন। সেই সময় হইতে অভাপিও শ্রীশ্রীনিত্যানন্দ-চৈতন্য প্রভ্রুয়ের জন্মতিথি মহোৎসবে শ্রীগোরীদাস-মন্দিরে প্রভ্রুয়ের অভিষেক কার্য্যাদি আচার্য্য শ্রীল অদৈত প্রভ্রুর বংশধরের দ্বারাই স্থসম্পন্ন হইয়া আসিতেছে। শ্রীল অদৈত প্রভ্র শ্রীঈশাননাগর নামে জনৈক শিশ্য গুরু-সন্নিধানে থাকিয়া সদা সর্ব্বদা গুরুসেবায় কালাতিপাত করিতেন। এই শ্রীঈশান-নাগর প্রাচীন বয়সে ১৪৯০ শকান্দে এই "শ্রীঅদ্বৈত্ত-প্রকাশ" গ্রন্থ রচনা করিয়াছিলেন।

এই শ্রীমূর্ত্তিদ্বয় নির্দ্মিত হইলে, তাঁহাদের শ্রীরূপ দেখিয় <u> এি</u>গোরীদাসের আনন্দ আর ধরে না। শ্রীমূর্ত্তি দর্শনে তাঁহার নয়ন হইতে ক্রমাগত বারিধারা ঝরিতে লাগিল। শুভক্ষণে শুভদিন শাস্ত্রমতে অভিষেক করাইয়া শ্রীমূর্ত্তিদ্বয়কে সিংহাসনে বসাইলেন। অভিষেক-কার্য্য স্থসম্পন্ন হইবার পরই শ্রীনিত্যানন্দ প্রভু ও শ্রীচৈতম্প্রভু তুইজনে শ্রীগোরীদাসের নিকট বিদায় লইয়া রওনা হইলেন। প্রভুদ্বয়ের যাত্রার অব্যবহিত পরেই শ্রীগৌরীদাস সিংহাসনস্থিত বিগ্রহদ্বয়ের সহিত কথা কহিতে গেলেন: কিন্তু শ্রীবিগ্রহদ্বয় তাঁহার সহিত কথা কহিলেন না। তথন পণ্ডিতের মাথায় যেন বজাঘাত হইল। যে বিগ্রহ কথা কহিবে না, সে বিগ্রহ লইয়া পণ্ডিতের কি হইবে ? প্রভুরা তখনও গঙ্গা পার হয়েন নাই। পণ্ডিত তৎক্ষণাৎ শ্রীনিতাইচৈতগ্র ত্বই ভাইকে ডাকিতে পাঠাইলেন। অন্তর্যামি প্রভুরা তথনই পণ্ডিতের ঘরে ফিরিয়া আসিলেন এবং হাসিতে হাসিতে বলিলেন,—"কি পণ্ডিত! আবার খবর কি ?"

শ্রীগোরীদাস তখন বলিলেন,—"আমি এই বিগ্রহ চাহি না। ইহারা আমার সঙ্গে কথা কহিল না, ঐরপ বিগ্রহ লইয়া আমি কি করিব ? প্রভূ ভোমরা ছুইজনে থাক তথাক।"

প্রভুরা বলিলেন,—"আমরা থাকিলে হইবে? আচ্ছা আমরাই রহিলাম।" এই কথা বলিবামাত্র প্রভুরা

গ্রীমন্দিরের বাহিরে দারুময় মূর্ত্তি হইয়া নিথর নিস্পন্দভাবে দাঁড়াইয়া রহিলেন, আর,—হরি হরি বল,—সিংহাসনের শ্রীবিগ্রহদ্বয় স্বয়ং পায়ে হাঁটিয়া শ্রীমন্দির হইতে বাহির হইয়া গেলেন। গৌরীদাস দেখিলেন ইহাও ত আবার বিপদ কম নহে। তখন তিনি সিংহাসন হইতে যে মূর্তিদ্বয় বাহির হইয়া যাইতেছিলেন, তাঁহাদের বলিলেন,—"তোমরা থাক।" এইরূপে ছুই চারিবার পরিবর্ত্তনের পর যখন পণ্ডিত দেখিলেন যে, তিনি যে মূর্ত্তিদ্বয়কে রাখিতে চাহিতেছেন, তাহারাই দারুময় হইয়া যাইতেছেন, তখন তিনি আর ধৈষ্য ধরিতে না পারিয়া প্রভুদের চরণে পড়িতে গেলেন। প্রভুরাও তাঁহাকে আবার বক্ষে ধরিয়া সহাস্থবদনে বলিলেন,—"পণ্ডিত! তুমি এখন নিজে ত দেখিলে, আমরাও যে, তোমার দারু-বিগ্রহও সেই। এখন তুমি নিজেই বলিতে পারিবে না, কোন ছই মূর্ত্তি আমরা এবং কোন ছই মূর্ত্তিই বা তোমার দারু-বিগ্রহ'। অতএব আজ আমরা নিজ মুখে তোমার কাছে প্রতিজ্ঞা করিলাম যে, তুমি যতদিন নশ্বর দেহ লইয়া বর্তমান থাকিবে ততদিন আমরা চাক্ষ্যভাবে তোমার সহিত লীলা করিব; কলিযুগে চিরকাল মধ্যাক্তে তোমার এখানে খাইব; তোমার এখান হইতে কখনও আমরা যাইব না। যদি কোনও ভক্ত একাগ্রভাবে ক্রমান্বয়ে পাঁচ দণ্ড কাল আমাদের দর্শন করিয়া হৃদয়ে ধারণ করিয়া লইয়া যান, তবেই আমরা যাইব। অতএব পণ্ডিত, স্থির হও।"

শুলা কর্ম হার্মিক জ্বলাগের বার্মিন বার্মিন কর্ম হার্মিক জ্বলার ক্রিক কর্ম করে কারে, তোর ইচ্ছা হয় যারে, সেই তুই রাখ নিজ ঘরে। তোমার প্রতীতি লাগি, তব ঠাঁই খাব মাগি, সতা সতা জানিহ অন্তরে॥

—গীত-কল্পতক

প্রভূদের নিজমুখের প্রতিজ্ঞা শুনিয়া শ্রীগৌরীদাস তখন আশ্বস্ত হইলেন। পণ্ডিতের প্রাণের ইচ্ছা তখন পূর্ণ হইল। পণ্ডিত তখন বহুপ্রকার ব্যঞ্জনাদি রন্ধন করিয়া এই অভেদ চারি মূর্ত্তিকে (অর্থাৎ ছই মূর্ত্তি শ্রীনিত্যানন্দ ও ছই মূর্ত্তি গ্রীগোরাঙ্গ) ভোজন করাইলেন। তুই মূর্ত্তি শ্রীগোরীদাসের শ্রীমন্দিরে চিরকালের জন্ম বাঁধা রহিলেন এবং ছুই মূর্ত্তি নীলাচলে গমন করিলেন।

• ''শুনিয়া পণ্ডিত রাজ, করিলা রন্ধন কাজ, চারিজনে ভোজন করাইয়া। " পুষ্পমাল্য বস্ত্র দিয়া, তামুলাদি সমর্পিয়া, সর্বব অঙ্গে গন্ধ লেপিয়া॥ নানা মতে পরতীত, করিয়া ফিরিল চিত, দোহারে রাখিল নিজ ঘরে। পণ্ডিতের প্রেম লাগি, তুই ভাই খাই মাগি. ष्टे शिला नौलाठल **পু**রে॥"

শ্রীভগবান্ শ্রীকৃষ্ণ-চৈতন্ম-নিত্যানন্দ প্রভূদয়ের সেই স্বয়স্তৃ মূর্ত্তি শ্রীপাট অস্বিকায় শ্রীগোরীদাস মন্দিরে অদ্যাপিও পণ্ডিত ঠাকুরের রীতিতে সেবা পূজা হইয়া আসিতেছে।

তংকালীন্ পরম বৈষ্ণবের প্রাচীন পদেই বলি,—

"দেবাদিদেব গৌরচন্দ্র গৌরীদাস মন্দিরে। গৌরীদাস মন্দিরে প্রভু অম্বিকাতে বিহরে॥ তপ্ত হেম অঙ্গ কান্তি প্রাতঃ অরুণ অম্বরে। আনন্দ স্কন্দ নিত্যানন্দ সঙ্গে সঙ্গে বিহরে॥ পাষণ্ড দণ্ড খর্ব্ব হেতু ধর্ম্ম দণ্ড বিচরে। গৌরীদাস করত আশ সর্বব জীব উদ্ধারে॥"

প্রীগোরীদাস প্রীমন্দিরে প্রীশ্রীমহাপ্রভুদ্বরের দরজা সর্বদাবদ্ধ থাকে। ভক্তে দর্শন চাহিলেই দর্শন দেওয়াহয়; দর্শন দেওয়ার অল্পকণ পরেই পুনরায় দরজা বদ্ধ করিয়া দেওয়াহয়। ইহাতে অনেক ভক্তই জিজ্ঞাসা করিয়া থাকেন বে, বেশীক্ষণ ধরিয়া দর্শন দেওয়াহয় না কেন এবং অস্তাম্থ প্রীবিগ্রহগণের দরজা সর্বদা খোলা রহিয়াছে কিন্তু প্রীশ্রীমহা- প্রপ্রত্ব দরজাই বা সর্বদা বদ্ধ থাকে কেন ? এই সূত্রে ইহা এখানে উল্লেখ করি যে, নীলাচলে যখন শ্রীশ্রীমহাপ্রভু অপ্রকট হইলেন তখন একমাত্র এই শ্রীশ্রি ছিলেন না। ভক্তগণ আকৃল আগ্রহে অম্বিকায় শ্রীগোরীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহে অম্বিকায় শ্রীগোরীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহে অম্বিকায় শ্রীগোরীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহে অম্বিকায় শ্রীগোরীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহ অম্বিকায় শ্রীগোরীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহে অম্বিকায় শ্রীগোরীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহে অম্বিকায় শ্রীগোরীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহ আর্বাহ্র শ্রীশ্রীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহ আরুলাম্বাহ্র শ্রীশ্রীদাস-মন্দিরে প্রভু দর্শনের জন্ম প্রাগ্রহি ছিলেন না ।

আসিতে লাগিলেন। পাছে কোনও ভক্ত হৃদয়ে ধারণ করিয়া প্রভুকে লইয়া যান, এই ভয়ে জ্রীগোরীদাস আর দর্শন দিতে রাজি হইলেন না। ভক্তগণ জ্রীশচীমাতার নিকট জ্রীগোরীদাসের কার্য্যের বিরুদ্ধে আবেদন করিলেন। জ্রীশচীশাতা জ্রীগোরীদাসকে বলিয়া পাঠাইলেন যে, মহাপ্রভুর নির্দ্দেশ মত সময়টুকু সম্পূর্ণ দর্শন করিতে না দিয়া অল্প কিছুক্ষণের জন্ম দর্শন দিলে আর কি ভয় থাকিতে পারে? জ্রীগোরীদাস আর তথন কি করেন,—সেইরূপে দর্শন দিবারই ব্যবস্থা করিলেন। ভক্তগণও প্রভু-দর্শন পাইয়া প্রাণেই বাঁচিলেন। সেই সময় হইতে এইরূপ "ঝাঁকি" দর্শনের বিরুদ্ধ প্রবর্তিত হইয়া আছে।

এইরপে শ্রীনিতাই-চৈতগ্যদেবকে নিজ ঘরে বাঁধিয়া রাথিয়া শ্রীগোরীদাস অনস্ত স্থাথ মগ্ন রহিলেন। প্রভু যে কত নিত্য নৃতন লীলা শ্রীগোরীদাসের সহিত খেলিতে লাগিলেন— তাহা এক শ্রীগোরীদাসই জানেন।

"নিতাই চৈতক্য গৌরীদাস প্রেমাধীন। জগতে ব্যাপিল এই কথা রাত্রি দিন॥ নিতাই চৈতক্য গৌরীদাসের গৃহেতে। যে লীলা প্রকাশে তাহা বিদিত জগতে॥ কহিতে না জানি পণ্ডিতের অভিপ্রায়। নিরস্তর মগ্ন ছই প্রভুর সেবায়॥"

একদিন প্রভু ঞ্রীগোরীদাসকে ডাকিয়া বলিলেন,—"পণ্ডিত! তুমি প্রেমানন্দে এত ডুবিয়া আছ যে তোমার পূর্বে কথা মনে নাই। ওহে পণ্ডিত! তুমিই ত আমার ব্রজের সেই স্থ্বল। যমুনা-পুলিনে কি বেশে এবং কত স্থাই যে আমরা গরু চরাইতাম, তাহা তুমি কি ভুলিয়া গেলে ?" এই কথা বলিয়া প্রভু নিজে তখনই "রাখাল বেশ" পণ্ডিতকে দেখাইলেন। আহা-মরি! মরি! কি সে! চরণে নূপ্র, পরণে পীতধড়া, মাথায় শিখিপুছ্র, হাতে বেণু, এবং অধরে প্রাণমাতান হাসি! ভুবন-ভোলান সেরপ, পণ্ডিত বাহ্জানশৃষ্য হইয়া দর্শন করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে প্রভু সে রূপ সম্বরণ করিলে, পণ্ডিত কিছু স্থির হইলেন এবং সিংহাসনে নিজ প্রভুকে আবার দেখিতে পাইলেন।

একদিন পণ্ডিত রন্ধন করিয়া ছই ভাইকে খাইতে দিলেন। ছই ভাই না খাইয়া চুপ করিয়া আছেন। ইহা দেখিয়া পণ্ডিতের রাগ হইল। পণ্ডিত বলিলেন যে, যদি উপবাস করিয়া থাকিত্বত স্থু হয় তবে তাঁহাকে রথা রন্ধন করাইয়া ফল কি? পণ্ডিত স্থির করিলেন যে, প্রভুরা যদি না খাইলেন তবে তিনিও না খাইয়া মরিবেন।

"দেখিয়া প্রভূর ভঙ্গী পণ্ডিত ঠাকুর।
কিছু ক্রোধাবেশে কহে বচন মধুর॥
বিনা ভক্ষণেতে যদি স্থুখ পাও মনে।
তবে মোরে রন্ধন করাহ কি কারণে॥"

[—]ভক্তিরব্নীকর

পণ্ডিত না খাইয়া প্রাণ দিবেন, আর কি দয়াল ঠাকুর চুপ করিয়া থাকিতে পারেন ? তখন প্রভূ হাসিয়া বলিলেন,—
"পণ্ডিত ! তুমি আমাদের জন্ম অল্পয় কিছু রন্ধন করিবে।
আমরা তাহাতেই তৃপ্ত হইব।" শ্রীগোরীদাস পণ্ডিত তখন
বলিলেন যে, বেশ, আর তত প্রকার তিনি রন্ধন করিবেন না।
এক শাক আর অন্ধ দিবেন। পরদিন পণ্ডিত এক শাক
হইতেই বহু প্রকার তরকারি রন্ধন করিলেন। তাহা দেখিয়া
প্রভুরা বলিলেন,—"পণ্ডিত! এই কি তোমার এক শাক ?
তোমার শ্রম দেখিয়া আমাদের কট্ট হয়। সেই জন্ম তোমাকে
আল্প কিছু রন্ধন করিতে বলিয়াছিলাম। আজ দেখিলাম
তোমাকে সে কথা বলা বুথা। বেশ, আজ হইতে তোমাকে
"আপ্রমতে" সেবাধিকার দিলাম।"

্র্পণিন্তিত করয়ে সেবা, যখন যে ইচ্ছা যেবা,
সেই মত করয়ে বিলাস।
হেন প্রভু গৌরীদাস, তাঁর পদ করি আশ,
করে দীন হীন কঞ্চাস॥"

সেই দিন পণ্ডিতের রাঁধা শাক খাইয়া প্রভুরা অত্যম্ভ প্রশংসা করিতে লাগিলেন এবং বলিলেন যে, এইরপ শাক তাঁহারা কখনও ভোজন করেন নাই। সেই হইতে আজ পর্য্যম্ভ প্রীশ্রীগোরীদাস-মন্দিরে শ্রীশ্রীনিতাই-চৈতক্য প্রভুদের মধ্যাক্ত অন্নভোগের সহিত কোনও না কোন প্রকার শাক দিতেই হইবে—এই নিয়ম প্রচলিত আছে।

এইরূপে কিছুকাল শ্রীগোর-লীলারস উপভোগ করিবার পর শ্রীগৌরীদাস একদিন প্রভুপাদ শ্রীল গদাধর পণ্ডিতের বাড়ী উপস্থিত হইলেন। প্রাতঃকালে শ্রীগোরীদাসকে দর্শন করিয় ঞ্জীগদাধর পণ্ডিতের আর আনন্দের সীমা রহিল না। কিয়ৎকাল ঐতিগারাঙ্গলীলা আলোচনা করিবার পর ঐতিগদাধর প্রভূ পণ্ডিতের আগমন হেতু জিজ্ঞাসা করিলেন। শ্রীগৌরীদাস বলিলেন যে, প্রাচীন বয়সে প্রভুদের সেবা করিবার জন্ম একজন সাহায্যকারীর প্রয়োজন হওয়ায় তিনি তাঁহার আত্মীয় হৃদয়কে (শ্রীগদাধর প্রভুর ভ্রাতুষ্পুত্র) ভিক্ষা লইতে আসিয়াছেন। প্রভু গদাধর সমস্তই বুঝিলেন। তিনি তংক্ষণাৎ হৃদয়ানন্দকে ডাকিয়া শ্রীগোরীদাসের হাতে সমর্পণ করিলেন। শ্রীগোরীদাস আনন্দচিত্তে হৃদয়ানন্দকে অম্বিকায় লইয়া আসিয়া বাল্যকাল হইতে তাঁহাকে উপযুক্ত শাস্ত্ৰশিক্ষা দিলেন। ভক্তিরস হইতেই হৃদয়ানন্দের উৎপত্তি; স্মৃতরাং তাঁহার হৃদয়েও প্রেমভক্তি অঙ্কুরিত হইতে লাগিল। কিছুদিন পরে যখন হাদয়ানন্দ উপযুক্ত হইলেন, তখন এগািরীদাস তাঁহাকে স্বয়ং দীক্ষামস্ত্র দিয়া তাঁহার প্রাণস্বরূপ শ্রীনিতাইচৈতন্ত্র-সেবায় নিযুক্ত করিলেন। শ্রীহৃদয়ানন্দও শ্রীনিতাইচৈতগ্য সেবাকে নিজের হৃদয়ের মত জ্ঞান করিয়া তাহাতে কায়মন-প্রাণ ঢালিয়া দিলেন। তাহা দেখিয়া শ্রীগোরীদাস শান্তির নিঃশাস ছাড়িয়া বাঁচিলেন এবং বুঝিলেন যে, তাঁহার অবর্ত্তমানে তাঁহার প্রাণের ঠাকুরের সেবা উপযুক্ত পাত্রেই

পড়িবে। তথন তিনি আরও নিশ্চিস্ত মনে ভজন সাধনে মন দিলেন।

किছू निन পরে औ গৌরী नाम्त्र এক निन देख्या इटेन य স্থদয়ানন্দকে কিছু পরীক্ষা করেন। তিনি স্থদয়ানন্দকে বলিলেন যে, প্রভুর মহোৎসব আসিয়া পড়িল; অতএব তিনি মহোৎসবের দ্রব্য আনিতে শিশ্বগণের বাড়ীতে গমন করিবেন। তাঁহার অনুপস্থিতি কালে হৃদয়ানন্দ যেন বেশ সাবধানে থাকেন। এই বলিয়া শ্রীগৌরীদাস শিয়্যবাডী ভ্রমণে বাহির হইয়া ভক্তগণ সঙ্গে গৌরপ্রেমানন্দে বেশ দিন কাটাইতে লাগিলেন। এদিকে মহোৎসবের দিন প্রায় সমাগত; আর মাত্র ছই দিন বাকী আছে। তখন হৃদয়ানন্দ চিস্তিত হইলেন। গুরুদেব তখনও ফিরিলেন না, অথচ নিমন্ত্রণ-পত্র না পাঠাইলে আর চলে না। গুরুদেব হয়ত মহোৎসবের পুর্ব্বদিনেও ফিরিতে পারেন; কিন্তু তখন আর পত্র পাঠাইবার সময় কোথায় ? এইরূপ চিন্তার পর হৃদয়ানন্দ শ্রীগুরুদেবকে স্মরণ করিয়া যথায়থ স্থানে নিমন্ত্রণ-পত্র পাঠাইলেন। শ্রীগোরীদাসও মহোৎসবের ঠিক পূর্ব্বদিনেই ফিরিয়া আসিলেন। তিনি ফিরিয়া আসিয়া যখন শুনিলেন যে ফ্রদুয়ানন্দ নিমন্ত্রণ-পত্র পাঠাইয়াছেন, তথন তিনি বাহ্যিক ক্রোধে যেন অগ্নিশর্মা হইলেন। কি. এত বড কথা ? তিনি প্রকট থাকিতেই হৃদয়ানন্দের স্বতম্ব ব্যবহার ? হৃদয়ানন্দকে ৰাড়ী হইতে তৎক্ষণাৎ চলিয়া যাইতে তিনি আদেশ করিলেন।

হৃদয়ানন্দ আর কি করিবেন,—এীগুরুদেবকে প্রণাম করিয়া বাড়ী হইতে বাহির হইয়া গেলেন এবং গঙ্গাতীরে বসিয়া রাত্র কাটাইলেন। পরদিন প্রাতে অতি ছঃখিত মনে তিনি গঙ্গার তীরে বসিয়া আছেন—সেইদিন মহোৎসব;ু অথচ তিনি মহোৎসবে যোগদান করিতে পারিলেন না। তিনি শ্রীগুরুদেবকে স্মরণ করিতেছেন: আর তাঁহার নয়নে অজস্রধারায় বারি ঝরিতেছে। এমন সময় মহোৎসবের জন্ম এক নৌকা দ্রব্য-সামগ্রী লইয়া এক শিশু আসিয়া সেই ঘাটে উপস্থিত হইল। লোক দারা স্থদয়ানন্দ শ্রীগুরুদেবকে নোকাপূর্ণ দ্রব্য-সম্ভারের খবর দিলেন। একীগোরীদাস ক্রোধবশে বলিয়া পাঠাইলেন যে, ঐ দ্রব্য যখন হৃদয়ানন্দের সম্মুখে পড়িয়াছে, তখন তিনি আর উহা গ্রহণ করিবেন না। হৃদয়ানন্দ যদি পারে ত নিজে ঐ দ্রব্য লইয়া উৎসব করুক। ইহা শুনিয়া হৃদয়ানন্দের আনন্দ আর ধরে না। প্রীগুরুদেব উৎসব করিতে আদেশ দিয়াছেন-এত বড় আনন্দের কথা! গঙ্গার ধারে হৃদয়ানন্দ ঠাকুর উৎসব করিবেন, খবর পাইয়া বহু বৈষ্ণব খোল লইয়া সেখানে উপস্থিত হইলেন। এীকীর্ত্তন আরম্ভ হইল। সে কীর্ত্তনের সুমধুর ধ্বনি ভাগীর্থী-তীরে প্রতিধ্বনিত হইয়া সমস্ত অম্বিকাকে মুখরিত করিল। এীকৃষ্ণচৈতগুদেব কীর্ত্তন মাঝে স্বয়ং অবতীর্ণ না হইলে কীর্ত্তনের এরূপ প্রাণম্পর্শী ধ্বনি কখনও উঠিতে পারে না। এীকীর্ত্তনের এই মধুর ধ্বৃনি শুনিয়া প্রীগোরীদাসের প্রাণে যুগপং আনন্দ ও ভীতির সঞ্চার হইল।

তিনি বুঝিলেন যে, শ্রীচৈতন্তের বিনা উপস্থিতে এরূপ কীর্ত্তন কখনও সম্ভবপর নহে। তিনি যে ভয়ে তাঁহার শ্রীমন্দিরে দেখিতে গেলেন,—হইলও তাঁহার ঠিক্ সেইরূপ্। শ্রীমন্দিরের ভিতর যাইয়া তাঁহার মাথা ঘুরিয়া গেল। কি হইল,— সিংহাসনে প্রভুরা নাই। এীগৌরীদাস তথন স্থির বুঝিলেন,— আর কোথাও নহে, প্রভুরা হৃদয়ানন্দের উৎসব-কীর্ত্তনে নিশ্চয় রত্য করিতে গিয়াছেন। এীগোরাদাস তথন ক্রোধে জ্ঞানশৃত্য रहेशा राज्य এक लाठि लहेशा ऋषशानत्मत कीर्छत हिलालन। পণ্ডিত দূর হইতে দেখিলেন,—ঠিক তাই, শ্রীনিতাইগৌর ছই ভাই হৃদয়ানন্দের সহিত কীর্ত্তন মাঝে নৃত্য করিতেছেন আর বৈষ্ণবগণ বাহ্যজ্ঞানশৃশ্ব হইয়া কীর্ত্তন-ধ্বনি তুলিতেছেন। শ্রীনিতাইগৌর হুই ভাই দূরে পণ্ডিতকে ছড়ি হাতে আসিতে দেখিয়া যেন ভয়ে "ভাল ছেলেটি"র মত গৌরদাস-মন্দিরে ফাইয়া প্রবেশ করিলেন—আর শ্রীগোরীদাস কি দেখিলেন— দেখিলেন যে श्रीनिতाইগৌর ছই ভাই श्रीऋपशानल्पत ऋपस्र প্রবেশ করিলেন। ইহা দেখিয়া পণ্ডিতের হাতের ছড়ি পড়িয়া গেল,—আনন্ধারায় বক্ষঃ ভাসিতে লাগিল,—তিনি দৌড়াইয়া গিয়া হৃদয়ানন্দকে বুকের ভিতর জড়াইয়া ধরিলেন,—আর কাঁদিতে কাঁদিতে বলিলেন,—"ওরে, হৃদয় রে! আজ হ'তে তোর নাম হ'ল হৃদয়চৈতন্ত। তুই আমার ঞ্রীচৈতন্তের উপযুক্ত চল তুই বাড়ী ফিরে চল।" শ্রীহৃদয়চৈতগুও শ্রীপণ্ডিত ঠাকুরের শ্রীচরণে লুটাইয়া পড়িলেন। ছইজনে শ্রীমন্দিরে ফিরিয়া আসিলেন। কি আনন্দ—সে আনন্দ আর ধরে না। সেইদিন শ্রীগোরীদাস শ্রীহৃদয়চৈতন্তক শ্রীনিত্যানন্দ-চৈতন্ত-সেবার অধিকারী করিলেন।

এইরূপে শ্রীহৃদয়চৈতগুকে প্রাণের ঠাকুর শ্রীনিতাই-চৈতত্ত্বের শ্রীসেবাধিকার দান করিয়া শ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুর কিছুকাল ঞ্রীকৃষ্ণচৈতস্ত-নিত্যানন্দ-প্রেম-ভজনা করিয়া ঞ্জীভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্র শ্রীশ্রীঝুলনযাত্রায় বসিলে ১৪৮১ শকাব্দে সেই প্রাবণ-শুক্লা ত্রয়োদশী তিথিতে এক্রিফ নাম জপ করিতে করিতে ৺বৈকুপ্ঠধামে গমন করিলেন। ঞ্রীধাম-বৃন্দাবনে শ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুরের নিজম্ব ''ধীরসমীর কুঞ্জে" শ্রীগোরীদাস পণ্ডিতের নশ্বর দেহকে সমাহিত করা হয়। শ্রীগোরীদাস পণ্ডিতের এই সমাধি দর্শনে শ্রীমন্নিত্যানন্দ প্রভুর অর্দ্ধাঙ্গিনী ঈশ্বরী জাহলাবা মাতা বহুক্ষণ ধরিয়া নয়ন জলে ভাসিয়াছিলেন। তখন শ্রীধাম-বৃন্দাবনের এই ধীরসমীর কুঞ্জে বড়ু (অর্থাৎ বড়) গঙ্গাদাস নামে শ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুরের অপর এক শিষ্য পণ্ডিত ঠাকুরের শ্রীশ্রী৺শ্যামরায় বিগ্রহ ও তাঁহার সমাজের সেবা করিতেন। গঙ্গাদাসকে ঈশ্বরী জাহ্নবা মাতা বহু কুপা করিয়াছিলেন।

> "হইল সর্বত্র ধ্বনি জাহ্নবা ঈশ্বরী। যাইবেন শ্রীগৌরমণ্ডলে শীঘ্র করি॥ যথা যে বৈষ্ণবগণ ছিলেন নির্জ্জনে। সকলেই শীঘ্র পাইলেন রুন্দাবনে॥

গোরীদাস পঞ্জিতের সমাধি দেখিতে। বহে বারিধারা নেত্রে নারে নিবারিতে॥ না জানিয়ে তথা কি দেখিয়া চমৎকার। বড়ু গঙ্গাদাসে কি কহিল বার বার॥ স্থির হইলা বড়ু গঙ্গাদাসের কথায়। তাঁর পরিচয় কিছ নিবেদি এথায়॥ ভদাবতী নাম শ্রীজাহ্নবার জননী। অতি পতিব্রতা সূর্য্যদাসের ঘরণী॥ যাঁর ভক্তি-রীত দেখি সবার বিস্ময়। গঙ্গাদাস তাঁর জোষ্ঠ ভগ্নীর তন্যু॥ গৌরীদাস পণ্ডিতের শিষা প্রেমময়। পঞ্জিতের অদর্শনে জীবন সংশয়॥ স্বপ্নচ্ছলে যৈছে আজ্ঞা করিলা পণ্ডিত। তৈছে শীঘ্ৰ বুন্দাবনে হৈল উপনীত॥ শ্রীধীর সমীরে নিজ প্রভু সন্নিধানে। করহে প্রভুর সেবা রহয়ে নির্জ্জনে॥"

— ভক্তিরত্বাকর।

শ্রীপাট অম্বিকায় শ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুরের শ্রীকৃষ্ণ-চৈতন্য-নিত্যানন্দ প্রভুদ্বয়ের সেবাইতগণই শ্রীধাম বৃন্দাবনের এই "ধীর-সমীর কুঞ্জের" বর্ত্তমান মালিক ও সেবাইত হইতেছেন। বর্ত্তমানে উক্ত "ধীর সমীর কুঞ্জের" সেবাইত-গণের জনৈক আত্মীয় অবসরপ্রাপ্ত গভর্ণমেন্ট কর্ম্মচারী পরম বৈষ্ণব শ্রীযুক্ত জহরলাল চক্রবর্তী মহাশয় সেবাইতগণের পক্ষ হইতে অবৈতনিক তত্ত্বাবধায়করূপে আজ কয়েক বংসর যাবং উক্ত "কুঞ্জে" বাস করিতেছেন। তিনি ভক্তগণের সাহায্যে উক্ত "কুঞ্জের" যথেষ্ট শ্রীর্দ্ধি করিয়াছেন। এজন্ম উক্ত কুঞ্জের বর্ত্তমান মালিক ও সেবাইতগণের পক্ষ হইতে তিনি ধন্মবাদার্হ হইয়াছেন, ইহাতে কোনও সন্দেহ নাই।

পরম বৈষ্ণবগণ! পরম ভাগবতগণ! শ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুরের এই সমাধিস্থান আপনাদের সকলেরই জ্ঞাত থাকিবার সম্ভাবনা আছে। কিন্তু সকলের সব জিনিষ জ্ঞাত থাকা সম্ভব নহে বলিয়া ইহা উল্লেখ করিলাম। আপনারা যখন শ্রীধাম বৃন্দাবনে যাইবেন, তখন পণ্ডিত ঠাকুরকে একবার শ্রীকৃষ্ণ-নাম শ্রবণ করাইয়া প্রেমধারায় তাঁহার সমাধি সিক্ত করিয়া আসিবেন—তাহাতে তাঁহার কুপা পাইবেন।

দ্বিতীয় উচ্চাস

শ্রীহৃদয় চৈতক্ত শ্রীগোরীদাসের প্রাণের ঠাকুর-সেবা মন-প্রাণ দিয়া করিতে লাগিলেন। এই সময় একদিন "হুঃখী" নামে জনৈক ভক্ত তাঁহার নিকট দীক্ষা লইবার জক্ত শ্রীপাট অম্বিকায় আসিয়া উপস্থিত হইলেন। পরবর্তীকালে এই "হুঃখী"ই শ্রীশ্রামানন্দ প্রভু নামে বৈষ্ণব মণ্ডলীর নিকট স্থপরিচিত।

"ছংখী"র পৈত্রিক আদি নিবাস "ধারেন্দা বাহাছরপুর" প্রামে। পরে তাঁহার পূর্ব্ব পুরুষ দণ্ডেশ্বর গ্রামে আসিয়া বাস করেন। তাঁহার পিতার নাম শ্রীকৃষ্ণ মণ্ডল, মাতার নাম শ্রীমতী ছরিকা, জাতি সদেগাপ। তাঁহারা পরম কৃষ্ণভক্তিপরায়ণ ছিলেন। তাঁহাদের কয়েকটি পুত্রকন্সা মারা যাওয়ার কিছুদিন পরে চৈত্র পূর্ণিমা তিথিতে "ছংখী" জন্মগ্রহণ করেন। শ্রীকৃষ্ণ যাহাতে ঐ পুত্রটিকে রক্ষা করেন, এই ভরসায় তাঁহারা পুত্রের নাম রাখিলেন "ছংখী"। "ছংখী" বাল্যকাল হইতেই অত্যন্ত মেধাবী এবং অত্যন্ত শ্রীকৃষ্ণ-ভক্ত ছিলেন। অল্পর্যাস্থ ব্যাকরণাদি পাঠ সমাপন করিয়া রাধাকৃষ্ণ-লীলাম্ত পান করিতে লাগিলেন ও অতি সাবধানে পিতামাতার সেবা করিতে লাগিলেন। বয়ংপ্রাপ্ত হইলে পিতামাতা ছংখীকে যেখানে ইচ্ছা সদ্গুরুর নিকট কৃষ্ণমন্ত্র দীক্ষা লইতে আদেশ দিলেন। শ্রীপাট অম্বিকায় শ্রীগোরীদাস শিষ্য শ্রীহুদয়টেচত্যের

নিকট দীক্ষা লইবার ইচ্ছা তিনি পিতামাতাকে জ্ঞাপন করেন।
তিনি পিতামাতার নিকট অনুমতি ও বিদায় লইয়া শুভ
কাল্পন মাসে প্রীপ্তরুর উদ্দেশ্যে অম্বিকা নগরে আসিলেন।
ছঃখীকে দেখিয়া প্রীপ্তদয় চৈতন্যের কুপা হইল। তিনি ছঃখীর
নিকট হইতে সমস্ত বৃত্তাস্ত জানিলেন। এত অল্প বয়সে এরপ
কৃষ্ণভক্তি দেখিয়া তাঁহার আনন্দ হইল। শুভ ফাল্কনি-পূর্ণিমা
তিথিতে প্রীপ্তদয় চৈতত্য ছঃখীকে দীক্ষা দিয়া "ছঃখী কৃষ্ণদাস"
নাম রাখিলেন এবং তাঁহার "শ্যামানন্দ" নাম যে প্রীরন্দাবনে
হইবে তাহারও ইঙ্গিত দিলেন। ছঃখী কৃষ্ণদাস কিছুকাল
প্রীপ্তরুর সেবা করিতে লাগিলেন।

কিছুদিন পরে শ্রীগুরুদেব হুংখী কৃষ্ণদাসকে শ্রীধাম রন্দাবন যাইতে আদেশ দিলেন। হুংখী কৃষ্ণদাস কিন্তু শ্রীগুরুদেবকে ছাড়িয়া যাইতে ইচ্ছুক ছিলেন না। কিন্তু কি করেন, শ্রীগুরুর আজ্ঞায় তাঁহাকে শ্রীধাম রন্দাবনে যাইতে হইল। হুংখী কৃষ্ণদাসের কৃষ্ণভক্তি দেখিয়া শ্রীরন্দাবনের বৈষ্ণবগণ বিমোহিত হইলেন। শ্রীপাট অম্বিকা হইতে শ্রীক্রদয় চৈত্র পত্রদারা শ্রীজীব গোস্বামী মহাশয়কে লিখিলেন যে, তাঁহার প্রাণপ্রিয় শিষ্য হুংখী কৃষ্ণদাসকে তাঁহার হাতে সমর্পণ করিলেন; যাহাতে হুংখী কৃষ্ণদাসের মন্দামনা পূর্ণ হয় তাহা যেন তিনি কৃপা করিয়া করেন। আর শিষ্য হুংখী কৃষ্ণদাসকে লিখিলেন যে, শ্রীজীব গোস্বামী মহাশয়কে যেন ঠিক গুরুর স্থায় দেখেন এবং পরম ভক্তি করেন।

इःशी कृष्ण्नाम श्रीधाम वृन्नावरन व्यथरम त्राधाकुछ जीत्त গেলেন। রাধাকুণ্ড ও শ্যামকুণ্ডের অপূর্ব্ব শোভা দর্শন করিয়া তাঁহার নয়ন হইতে ক্রমাগত বারিধারা ঝরিতে লাগিল। ব্ৰজবাসিগণ হুঃখী কৃষ্ণদাসের অপূর্ব্ব প্রেমভক্তি দর্শনে তাঁহাকে শ্রীদাস গোস্বামীর নিকট লইয়া গেলেন। শ্রীদাস গোস্বামী তুঃখী কৃষ্ণদাসের নিকট সমস্ত অবগত হইয়া নিজ লোক সঙ্গে দিয়া শ্রীজীব গোস্বামীর নিকট তাঁহাকে পাঠাইয়া দিলেন। ঞ্জীজীব গোস্বামীও তাঁহার মুখে সমস্ত সংবাদ লইয়া তাঁহাকে কুপা করিলেন। তুঃখী কৃষ্ণদাস জীজীব গোস্বামী মহাশয়কে জিজ্ঞাসা করিলেন,—"কিরূপে তাঁহার গ্রন্থ আস্বাদন হইবে ?" ঞ্জীব গোস্বামী বলিলেন, "শ্রীনিবাস ও ঠাকুর নরোত্তমের সঙ্গে তাঁহার গ্রন্থ পাঠ হইতে পারিবে।" সেই সময় শ্রীনিবাস ও ঠাকুর নরোত্তম তথায় উপস্থিত হইলে শ্রীজীব গোস্বামী হুঃখী . কৃষ্ণদাসের সহিত তাঁহাদের পরিচয় করাইয়া দিলেন। শ্রীনিবাস, ঠাকুর নরোত্তম ও তুঃখী কৃষ্ণদাস তিন জনে পরম প্রীতিতে কিছু-কাল যাবং শ্রীজীব গোস্বামী মহাশগ্নের নিকট ভক্তিগ্রন্থ পাঠ করিতে লাগিলেন। তুঃখী কৃষ্ণদাসের উপর শ্রীশ্রীরাধাশ্যামস্থন্দরের কুপা হইয়াছে বুঝিতে পারিয়া শ্রীজাব গোস্বামী মহাশয় তুঃখী কুঞ্চলাসের নাম রাখিলেন ''শ্রামানন্দ'' এবং তাঁহাকে মানস-সেবার অধিকারী করিলেন। সেই হইতে শ্রীহ্রংখী কৃষ্ণদাসের নাম হইল "খ্যামানন্দ"। ভক্তিগ্রন্থ অধ্যয়ন সম্পূর্ণ করিয়া কিছুকাল পরে শ্রীশামানন গুরুপাট শ্রীঅম্বিকায় ফিরিয়া আসিলেন।

গ্রীধাম বৃন্দাবনে অবস্থান কালে খ্রীশ্রামানন্দের "তিলক" কিরূপ অলোকিক শক্তিবলে পরিবর্ত্তিত হইয়াছিল, তাহার এক অতি আশ্চর্যাজনক লীলা-বিবরণ আছে। এীশ্রামানন্দ একদিন শ্রীধাম বৃন্দাবনের শ্রীনিকুঞ্জবনে একখানি সোণার ৰূপুর কুড়াইয়া পাইয়াছিলেন। ঠাকুরের সেবাইত, কশ্বচারী প্রভৃতি সকলে যখন সেই সোণার নৃপুরের অনুসন্ধান করিতেছিলেন, তখন শ্রীশ্রামানন্দ বলিলেন যে, তিনি একটি সোণার নূপুর কুড়াইয়া পাইয়াছেন। এীশ্রামানন্দ তখন সেই সোণার নৃপুর নিজের নিকট হইতে বাহির করিয়া জানিতে চাহিলেন যে, সেই নৃপুর কাহার। যখন তিনি ভনিলেন যে, উহা এরাধারাণীর এীচরণের নৃপুর, তখন তিনি উহা নিজ কপালে স্পর্শ করাইলেন। কপালে সেই নৃপুর স্পর্শ করাইবার সঙ্গে সঙ্গে শ্রীশ্রামানন্দের কপালে নৃপুরের স্পষ্ট চিক্ল চিরস্থায়ীভাবে অঙ্কিত হইয়া গেল। ইহা দেখিয়া সকলেই আশ্চর্যান্বিত হইয়া গেলেন। নাসিকা হইতে কপাল পর্য্যস্ত যখন নৃপুরের চিহ্ন চিরস্থায়ীভাবে অঙ্কিত রহিল, তখন গ্রীশ্রামানন্দ অপর রকম "তিলক" আর কি করিবেন ? সেই নৃপুরের দাগে দাগে তিনি "তিলক" করিতে লাগিলেন। গুরুদেব শ্রীহাদয়টৈতক্য যখন শুনিলেন যে, শ্রীশ্রামানন্দ "তিলক" পরিবর্ত্তন করিয়াছেন, তখন অন্তর্যামি ভাবে সমস্ত বুঝিয়াও প্রিয় শিশ্তের মর্য্যাদা বাড়াইবার জন্ম বাহ্য ক্রোধ প্রকাশ করিয়া শ্রীশ্রামানন্দের সহিত শ্রীধাম বুন্দাবনে

দেখা করিলেন এবং ভীষণ ক্রোধান্বিত হইয়া জিজ্ঞাসা করিলেন,—"এ তিলক তোকে কে দিয়াছে ?" ত্রীশ্রামানন্দ অতি বিনীতভাবে শ্রীগুরুর চরণে পড়িয়া বলিলেন,—"এ তিলক, প্রভু, আপনি আমাকে দিয়াছেন। আপনি আমার ঞ্জীগুরুদেব; আপনি আমাকে কুপা করিয়া না দিলে, অক্ত কাহার ক্ষমতা ইহা আমাকে দেয়। ইহা আপনিই আমাকে দিয়াছেন।" গুরুদেব শ্রীহৃদয়চৈতন্ম যতবার জিজ্ঞাসা করেন, —"এ তিলক তোকে কে দিয়াছে ?" শ্ৰীশ্ৰামানন্দ ততবাবই বিনীতভাবে ঐ একই উত্তর দেন,—"এ তিলক, প্রভু, আপনি আমাকে দিয়াছেন।" তখন লোক চক্ষুতে প্রিয় শিয়োর গুণ ও শক্তি প্রকাশ করিবার জন্ম বহু ব্রজবাসী পরম বৈষ্ণবগণের সম্মুখে জ্রীহৃদয়চৈতত্য জ্রীশ্রামানন্দের কপালের সেই নূপুরের দাগ তীক্ষ ছুরির দ্বারা পাঁচ দিন ধরিয়া চাঁচিয়া তুলিয়া ফেলিবার চেষ্টা করিলেন; কিন্তু জ্রীরাধারাণীর কুপায় শ্রীশ্রামানন্দের কপাল হইতে না পড়িল একটু রক্ত আর না উঠিল সেই নৃপুরের দাগ। 'ইহা দেখিয়া চারিদিক হইতে বৈষ্ণবগণ ধন্ত ধন্ত করিতে লাগিলেন। তখন প্রিয় শিষ্য শ্রীশ্রামানন্দকে বুকে জড়াইয়া শ্রীহৃদয়চৈতক্য প্রেমাশ্রুধারা ফেলিতে ফেলিতে বলিলেন,—"বাপ ছঃখী কৃষ্ণদাস! ওরে আমার শ্রামানন্দ! আজ হইতে তোর এইরূপ "তিলক"ই আমি দিলাম।" আর শ্রীশ্রামানন্দও শ্রীগুরুর চরণপ্রাক্তে পড়িয়া রহিলেন। সেই হইতে শ্রীশ্রামানন্দের এরূপ "নৃপুরে তিলক'' হইল। বলি হারি গৌরীদাস! যেমন হৃদয়চৈতন্তের স্থায় শিষ্য তোমার, তেমনই শ্রামানন্দের স্থায় শিষ্য আজ হৃদয়চৈতন্ত পাইল।

সেই জন্ম শ্রীধান বৃন্দাবনে শ্রীশ্রীশ্রামস্থলরের মন্দিরে শ্রীশ্রামানন্দ প্রভুর তিথি মহোৎসবের অব্যবহিত পূর্ব্ব পাঁচ দিন এই দণ্ড মহোৎসবরূপে আজন্ত নিরূপিত হইয়া আছে।

শ্রীধাম বৃন্দাবন হইতে গ্রন্থপাঠ সম্পূর্ণ করিয়া শ্রীখামানন্দ শ্রীপাট অম্বিকায় ফিরিয়া আসিলে শ্রীচৈতন্তের কৃপাবলে শ্রীহৃদয়টেতত্য শ্রীখামানন্দের মধ্যে পূর্ণশক্তি সঞ্চার করিলেন। গুরুশক্তি-সঞ্চারিত দেহে শ্রীখামানন্দ আর পূর্বের "খ্যামানন্দ" রহিলেন না। যখন তাঁহার হৃদয় কৃষ্ণপ্রেমে পূর্ণ হইয়া অলৌকিক শক্তি সম্পন্ন হইল, তখন গুরুদেব শ্রীহৃদয়টেতত্য গৌরপ্রেম প্রচার দারা জীব উদ্ধার করিবার জন্ম তাঁহাকে উৎকল দেশে প্রেরণ করেন। গুরু-আজা শিরে ধরিয়া। শ্রীখ্যামানন্দ উৎকলে গেলেন। শ্রীগুরুর কৃপায় তিনি অলৌকিক শক্তি প্রদর্শনে ঐ অঞ্চল গৌরপ্রেমে প্লাবিত করিয়া মহা মহা পাপীকে পর্যান্ত উদ্ধার করিয়াছিলেন।

শ্রীপাট অম্বিকা হইতে শ্রীগুরুর আশীর্কাদ সহ যাত্র।
করিয়া শ্রীশ্রামানন্দ প্রথমে নিজ জন্মভূমি দণ্ডেশ্বর ধারেঙ্গা
গ্রামে প্রেমভক্তি প্রকাশ করিলেন। তাহার পর মল্লভূমি
মধ্যে রয়নী, বারায়িত প্রভৃতি স্বন্দর স্থানে কিছুকাল
ভ্রমণ করিলেন। রয়নীর রাজা শ্রীঅচ্যুতের শ্রীর্বিকানন্দ

এীমুরারি নামে এক ুপুত্র ছিলেন। সাধারণতঃ প্রীরসিকমুরারি নামে তিনি পরিচিত। 🎎 রসিক মুরারির মাতার নাম 🕮 মতী ভবানী। রসিকমুরারি বাল্যকালেই সর্বেশাস্ত্রে ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন। রসিকমুরারি তাঁহার স্ত্রীর ইচ্ছা হেতু স্বর্ণরেখা নদীতীরে ঘণ্টশীলা (ঘাটশীলা) গ্রামে কিছুদিন অবস্থান করিতেছিলেন। সেই সময় একদিন নির্জ্জন স্থানে: বসিয়া কাহার নিকট দীক্ষিত হইবেন, চিস্তা করিতে লাগিলেন। হঠাৎ তিনি আকাশবাণী শুনিতে পাইলেন,— "শ্রীশ্রামানন্দের নিকট দীক্ষা গ্রহণ কর।" তিনি অজ্ঞাত. অপরিচিত শ্রীগুরুর নাম "শ্রীশ্রামানন মন্ত্র" জপ করিতে লাগিলেন। ক্রমশঃ গুরু দর্শনের জন্ম তাঁহার মন ব্যাকুল হইতে লাগিল। উদ্বেগপূর্ণ হৃদয়ে তিনি রাত্রে শয়ন করিলে, শ্রীশ্রামানন্দ স্বপ্নে তাঁহাকে দর্শন দিয়া বলিলেন,—"কল্য 'প্রাতে আমার দেখা পাইবে।'' রসিক মুরারি ঞীগুরুর হাস্থপ্রফুল্লিত জ্রীবদন দর্শন করিয়া প্রাতে নিদ্রা হইতে উঠিলেন এবং কাহাকেও কিছু না বলিয়া কেবল পথ পানে ঘন ঘন চাহিতে লাগিলেন। কিশোরদাস প্রভৃতি ভক্তগণ পরিবৃত, তেজপূর্ণ, জ্যোতিশ্বয়, শ্রীনিতাইচৈতন্য প্রেমে বিহ্বল ঞ্জীশ্রামানন্দকে রসিকমুরারি দূর হইতে দর্শন করিলেন। গুরুদেব শ্রীশ্রামানন্দকে দর্শন করিয়া রসিকমুরারি তাঁহার জীচরণে আত্মসমর্পণ করিলেন। জীশ্যামানন্দ কুপা করিয়া তাঁহাকে এক্সিঞ্চ-মন্ত্র দান করিলেন। রসিকমুরারি এঞিজ-

দেবকে নিজ বাসস্থল রয়নীতে লইয়া গিয়া মহোৎসব করিলেন। কিছুকাল রয়নীতে থাকিয়া শ্রীশ্রামানন্দ বহু লোককে প্রেমভক্তি দ্বারা দীক্ষিত করিলেন। শিষ্যগণ পরিবেষ্টিত শ্রীশ্রামানন্দ জীব উদ্ধারের জন্ম রয়নীগ্রাম হইতে বহির্গত হইলেন। শ্রীশ্রামানন্দ রুপা করিয়া কৃষ্ণ-প্রেম দ্বারা দামোদরকে শিষ্য করিলেন। শ্রীশ্রামানন্দ রুপা করিয়া কৃষ্ণ-প্রেম দ্বারা দামোদরকে শিষ্য করিলেন। শ্রীদামোদর তাঁহার শিষ্য হইয়া "নিতাইচৈতন্ত" বলিয়া প্রেমধারা ফেলিতে লাগিলেন।

এইরপে বলরামপুরে আসিয়া শ্রীশ্যামানন্দ প্রেমভক্তি প্রকাশ দ্বারা বহু শিষ্য করিলেন। শিষ্যগণসহ পুনরায় ধারেণ্ডা গ্রামে আসিয়া মহামহোৎসব সম্পন্ন করিলেন। সেথানে বহুলোক তাঁহার অলৌকিক শক্তি দেখিয়া সকলেই তাঁহার শিষ্যত্ব গ্রহণপূর্বক উদ্ধার হইলেন। শ্রীনৃসিংহপুরেও ঐরপ প্রেমভক্তি প্রকাশ করিলেন। পরে শ্রীপাট গোপীবল্লভু-পুরে আসিয়া প্রেমর্ষ্টি দ্বারা বহু লোককে শিষ্য করিলেন এবং সেইখানে শ্রীগোবিন্দজিউর সেবা প্রকাশ করিয়া শ্রীশ্রাম-নন্দ প্রভু নিজ শিষ্য শ্রীরসিকানন্দকে ঐ সেবার অধিকারী করিলেন।

আজও শ্রীপাট গোপীবল্লভপুরে শ্রীশ্রীশ্রামানন্দ প্রভুর প্রকাশিত শ্রীশ্রীগোবিন্দজিউর সেবা তাঁহার শিষ্যবংশ প্রেম-চঞ্চলিত চিত্তে করিয়া আসিতেছেন। আজ কয়েক বংসর পূর্ব্বে উক্ত শ্রীপাট-গোপীবল্লভপুরের সেবাইত (তাঁহার নাম আমার ঠিক স্মরণ নাই, বোধ হয় এবিশ্বস্তরানন্দ গোস্বামী) এপাট অম্বিকায় তাঁহাদের পরমগুরুর পাট দর্শনে আসিয়া-ছিলেন।

শ্রীশ্রীশ্রামানন্দ প্রভূর অলোকিক প্রেমশক্তি প্রকাশ ও কার্য্যাবলী "শ্রীশ্রীশ্রামানন্দ চরিত" গ্রন্থে বিশদভাবে বর্ণিত থাকায় আমি এখানে অতি প্রাচীন গ্রন্থমূলে সংক্ষেপে কিছু বর্ণনা করিতে চেষ্টা করিলাম মাত্র।

তৃতীয় উচ্ছাদ

শ্রীধাম বৃন্দাবন দর্শনের পর শ্রীধাম খড়দহে প্রত্যাবর্ত্তনের পথে ঈশ্বরী জাহ্নবা মাতা শ্রীপাট অম্বিকায় আসিয়া শ্রীগোরী-দাস-মন্দিরে শ্রীনিতাইচৈতক্ত দর্শন করিয়া বিহবল নয়নে অশ্রুবর্ষণ করিয়াছিলেন। শ্রীজাহ্নবা মাতা অম্বিকায় এক দিবস বিশ্রাম করিয়া খড়দহের পথে যাত্রা করেন। অম্বিকায় আরও ছই চারিদিন বিশ্রাম করিবার ইচ্ছা ছিল; কিন্তু শ্রীনিতাইচৈতক্ত আদেশে তিনি আর বিলম্ব করিতে পারিলেন না। একদিনের জক্তও যে ঈশ্বরী জাহ্নবা মাতার পদরজ অম্বিকায় পড়িয়াছিল, তাহাতেই অম্বিকাবাসী ধক্ত ও কৃতার্থ হইয়া আনন্দ-সাগরে নিমগ্র হইয়াছিলেন।

"ঐছে তৃই দিবস রহিয়। নদীয়ায়।
সরাসর ঈশ্বরী গেলেন অস্বিকায়॥
নিত্যানন্দ চৈতন্মর করিলা দর্শন।
হইয়া বিহ্বল অশ্রু নহে নিবারণ॥
একদিন অস্বিকায় রহি প্রেমাবেশে।
যাত্রা কৈলা নিত্যানন্দ চৈতন্ম আদেশে॥
খড়দহ গ্রামে শীভ্র লোক পাঠাইল।
ঈশ্বরী গমন ধ্বনি সর্বত্র হইল॥"

-- ভক্তিরত্বাকর

ধন্য গৌরীদাস পণ্ডিত ঠাকুর! তোমার প্রাণের ঠাকুর শ্রীনিতাই-চৈতন্তকে চিরকালের জন্ম বাঁধিয়া রাখিয়াছ বলিয়া আজ তোমার শ্রীআঙ্গিনা কত-শত পরম বৈষ্ণব মহাপুরুষগণের পদস্পর্শে পৃত হঠিয়া আছে এবং হইতেছে। তোমার শ্রীআঞ্গিনার এই রজ ভক্তিসহকারে দেহে মাখিলেই দেহ নিষ্পাপ ও কৃষ্ণকৃপা লাভ হয়।

শ্রীহৃদয়-চৈতন্য তাঁহার শ্রীগুরু গৌরীদাস পণ্ডিত ঠাকুরের প্রতিষ্ঠিত সেবা প্রাণ ভরিয়া করিলেন। তিনিও সর্ব্বজীবে প্রেম বিতরণ করিতে লাগিলেন। ঐাগৌরীদাস-মন্দিরে নিত্য নূতন আনন্দধারা বহিতে লাগিল। বহু ভক্তের সমাগম হইতে লাগিল। কিছুকাল এইরূপে ঠাকুর-সেবা ও ভজন করিয়৷ শ্রীহৃদয়টৈতন্য তাঁহার এক প্রিয় এবং উপযুক্ত শিষ্য শ্রীগোপীরমণ ঠাকুরের হাতে শ্রীগোরীদাস পণ্ডিত ঠাকুরের সেবাভার অর্পণ করিয়া নিশ্চিন্তমনে নাম জপ করিতে করিতে প্রধামে গমন করিলেন। শ্রীগোপীরমণ ঠাকুরও পরমগুরুর সেবা মন-প্রাণ সহকারে করিতে লাগিলেন। মহুলাগ্রাম নিবাসী শ্রীগোবিন্দ চক্রবর্ত্তী নামক জনৈক কৃষ্ণ-ভক্ত আচার্য্য শ্রীনিবাস ঠাকুরের নিকট দীক্ষা গ্রহণ করিয়া, বোরাকুলীগ্রামে আসিয়া বসবাস করিলেন। এই ভক্তপ্রবর শ্রীগোবিন্দ গীতবিভায় অতিশয় পারদশী ছিলেন। বোরাকুলিগ্রামে আসিয়া বাস করিবার পর তিনি নিজ গুরু আচার্য্য শ্রীনিবাস ঠাকুরকে আনিয়া সেই গ্রামে এক বিরাট মহোৎসব কার্য্য সম্পন্ন

করেন। বহু ভক্ত, বৈষ্ণব এবং শ্রীল বীরচন্দ্র প্রভুও নিজ শিষ্য সমভিব্যাহারে সেই মহোৎসবে যোগদান করিয়াছিলেন। আমাদের পরম ভক্ত গৌরগতপ্রাণ শ্রীল গোপীরমণ ঠাকুরকে নিমন্ত্রিত হইয়া সেই মহোৎসবে যোগদান করিতে দেখিতে পাওয়া যায়।

> "শ্রীগোবিন্দ ভবনে আনন্দ উথলিল। সবা সহ আচার্য্যের গমন হইল॥ মহামহোৎসব আয়োজন করাইলা। সর্ব্বত্রেই নিমন্ত্রণ পত্রী পাঠাইলা। আইলেন বীরচন্দ্র নিজগণ সনে। কৃষ্ণমিশ্র আইলা বেষ্টিত নিজগণে॥ শ্রীহৃদয়ানন্দ শিষ্য শ্রীগোপীরমণ। অস্বিকা হইতে তিহঁ করিলা গমন॥"

> > —ভক্তিবতাকর•

– চতুর্থ উচ্ছ্বাস –

সে আজ প্রায় আন্দাজ দেড় শত বংসর পূর্কের কথা। একদিন প্রাতে শ্রীগোরীদাস মন্দিরের তৎকালীন সেবাইত ঞ্জীল গোরাচাঁদ ঠাকুর শ্রীমন্দিরের ভিতর যখন ঞ্জীনিতাই-চৈত্য পূজায় রত ছিলেন, সেই সময় পরম তেজস্বী জনৈক বৈষ্ণব শ্রীশ্রীমহাপ্রভুর দরজার সম্মুখে আসিয়া বলিলেন,— ''দার খুলিয়া ত সব জায়গায় দর্শন দেওয়া হয়; আপনা আপনি দ্বার খুলিয়া যাইয়া কোথাও কি দর্শন পাওয়া যায় না ?" পরম শক্তিমান এই বৈষ্ণব এই কথা বলিবামাত্র ঞ্জীগোরীদাসের ঞ্জীনিতাইচৈতন্তের সম্মুখের দরজা আপনা হইতে খুলিয়া গেল। ইহা দেখিয়া পূজারত সেবাইত শ্রীল গোরাচাঁদ ঠাকুরের প্রাণ কাঁপিয়া উঠিল। তিনি মনে ক্রিলেন, শ্রীগৌরীদাস যাঁহাদের বাঁধিয়া রাখিয়াছেন, আজ তাঁহারই কৃতকর্ম্মের দোষে বোধ হয় তাঁহারা শ্রীমন্দির হইতে চলিয়া যাইতেছেন: কারণ যে বৈষ্ণবের এত বেশী শক্তি যে, শ্রীমন্দিরের দ্বার আপনা হইতে খুলিয়া গেল, সে বৈষ্ণব যে প্রভুদের দর্শন করিয়া হৃদয়ে ধারণ করিয়া লইয়া যাইতে পারেন ইহা স্থানিশ্চিত। তিনি তখন শ্রীগুরু-কুপা ব্যতীত অপর কিছুরই সাহায্য দেখিলেন না। সেই জন্ম তিনিও তখনই তুই বাহু তুলিয়া কাঁদিতে কাঁদিতে চীংকার করিয়া বলিয়া উঠিলেন,—''যদি গৌরীদাসের প্রাণের ধন হও তবে দরজা এখনই বন্ধ কর।" হরি হরি বল! ভক্তের ভগবান্ আর কি করিবেন;—নিজে দ্বার খুলিয়া ত আর চলিয়া যাইতে পারেন না;—অথচ এই পরম বৈষ্ণবকে শ্রীগৌরী দাসের প্রেমশক্তির পরিচয় না দিলেও নহে,—সেই জন্ম শ্রীগোরাচাঁদের কথার সত্যতা প্রমাণ করিয়া ঐ দরজা তখনই আপনা হইতে আবার বন্ধ হইয়া গেল।

এই পরম শক্তিমান্ বৈষ্ণব হইতেছেন শ্রীল ভগবানদাস বাবাজী মহাশয়। শ্রীল ভগবানদাস বাবাজী মহাশয় বহু দেশ ভ্রমণ করিয়াছিলেন কিন্তু এরপ অলৌকিক শক্তি কোথাও তাঁহার দৃষ্টি পথে পড়ে নাই। সেই জন্ম তিনি স্থির করিলেন যে, শেষ নিঃশ্বাস পর্যান্ত তিনি অম্বিকায় থাকিবেন। সেই দিন হইতে তিনি অম্বিকায় বাস করিতে লাগিলেন।

শ্রীগোরীদাস মন্দিরের আঙ্গিনার পার্শ্বেই শ্রীগোরীদাসের "গিরিধর" বঁলিয়া একটা বৃহৎ পুষ্করিণী আছে। এই পুষ্করিণী সংস্কারের সময় শ্রীগোরীদাস মন্দিরের তংকালীন সেবাইতকে স্বপ্নাদেশ দানে এই পুষ্করিণী হইতে "শ্রীযাদব রায়" ও শ্রীমাধব রায়" নামে মহাদেবের ছই মূর্ত্তি উঠিয়া-ছিলেন। প্রতি চৈত্র সংক্রান্তিতে ঐ ছই মহাদেব মূর্ত্তির চড়ক উৎসব সেই সময় হইতে আজ পর্যান্ত শ্রীগোরদাস সেবাইতগণ তাঁহাদের একটি নৈমিত্তিক ক্রিয়ারু মৃতু গণ্য করিয়া আসিতেছেন। ঐ পুষ্করিণীর দক্ষিণ পাহাড়ে ছই

চারিটি "গন্তীরা" প্রস্তুত করান ছিল। অভ্যাগত, সাধু কেহ সেখানে থাকিবার ইচ্ছা করিলে থাকিতে পারিতেন।

শ্রীল ভগবানদাস বাবাজী মহাশয় সেই দিন হইতে "গন্ধীরার" একটিতে বাস করিতে লাগিলেন। তিনি যে "গম্ভীরাতে" বাস করিতেন, তাহার একটু ভগ্নাংশ এখনও বর্ত্তমান আছে। তিনি প্রত্যহ উচ্চৈঃস্বরে লক্ষাধিক "নাম" জপ করিতেন। তিনি তারক-ব্রহ্ম নামে "সিদ্ধ" হইয়া-ছিলেন বলিয়া লোকে তাঁহাকে আজও "সিদ্ধ ভগবানদাস বাবাদ্ধী" বলিয়া অভিহিত করে। লোকে যখন তাঁহাকে নিদ্রা যাইতে দেখিত. তথনও তাঁহার জিহ্বা হইতে "হরে কুষ্ণ" নান স্পষ্ট শুনিতে পাইত। নাম জপ করিয়া তাঁহার হাতের দশ আঙ্গল অভ্যাস মতে সর্ব্বদাই সঞ্চালিত হইত। ডিনি কখনও কাহারও প্রণাম গ্রহণ করিতেন না। তিনি যখন রাস্তায় বাহির হইতেন, তাঁহার গাত্রের কল্পা (কাঁথা) পশ্চাৎ দিকে মাটি পর্যান্ত ঝুলাইয়া রাখিতেন; তাহাতে পথের ধুলার উপর তাঁহার চরণের যে চিহ্ন পড়িত তাহা মুছিয়া যাইত। তিনি চলিয়া যাইবার পর তাঁহার সেই চরণ-চিহ্ন হইতে যাহাতে কেহ রজ লইতে না পারে এই নিমিত্ত তিনি ঐরপ ব্যবস্থা করিতেন। তিনি গঙ্গার ধারে গিয়া গঙ্গাজল স্পর্শ করিতেন এবং প্রত্যাবর্তনের সময় যতক্ষণ পর্য্যন্ত না গঙ্গাদেবী তাঁহার দৃষ্টি হইতে অদৃশ্য হইতেন, ততক্ষণ তিনি মা

গঙ্গার দিকে সমুখ ফিরিয়া পাছু হাঁটিয়া রাস্তা চলিতেন। মা গঙ্গাকে পশ্চাৎ করিয়া তিনি কখনও চলেন নাই।

কিছুকাল অম্বিকায় বাস করিবার পর কোনও ভগবং-সেবা প্রতিষ্ঠা করিতে শ্রীল ভগবানদাস বাবাজী মহাশয়ের একদিন ইচ্ছা হইল। কি সেবা প্রতিষ্ঠা করেন, কিছুদিন ইহা চিন্তা করায়,—একদিন তাঁহার উপর "আদেশ" হইল,— "নামই ব্রহ্ম—অতএব এই 'নাম-ব্রহ্ম' ঠাকুর প্রতিষ্ঠা কর।" একদিন মা-জাহ্নবা গঙ্গার চডায় ভক্তগণকে আহার করাইবার নিমিত্ত রন্ধন করিতেছিলেন; রৌদ্রতেজে ভক্তগণ কষ্ট পাইতেছেন দেখিয়া, তিনি যে "মোচকন্দ" গাছের সরু কাঠের দ্বারা "দাইল" পাক করিতেছিলেন, সেই দাইলের কাঠি গঙ্গার চড়ায় পুতিয়া দেন এবং সেই কাঠি ভগবৎ-লীলা কুপায় সঙ্গে সঙ্গে ঘন পত্রবিশিষ্ট প্রকাণ্ড গাছ হইয়া ভক্তগণকে ছায়া দান করে। কালে সেই বৃক্ষ গঙ্গা গর্ভে পতিত হয়। আলোচ্য সময়ে সেই বৃক্ষের কিঞ্চিৎ মাত্র সারাংশ গঙ্গার ভাঙ্গন মুখে বাহির হইয়াছিল। সিদ্ধ ভগবানদাস বাবাজী মহাশয়ের উপর, সেই "মোচকন্দ" বুক্ষের সারাংশটুকু আনিয়া তাহার উপর ''হরেকৃষ্ণ'' নাম খোদিত করাইয়া প্রতিষ্ঠা করিবার আদেশ হয়। অস্তৃত ভগবৎ-লীলা! যে শুনিবে সেই বলিবে, "মোচকন্দ" গাছের আবার সার? তাহাও আবার বহু শত বংসর মাটির ভিতর ছিল ! শ্রীভগবানের লীলায় সবই সম্ভব। বাবাজী মহাশয় বৰ্দ্ধমানাধিপতির

অম্বিকা বাজারের ঠিক পশ্চিম দিকে কিছু জায়গা সংগ্রহ করিয়া ক্ষুদ্র মন্দিরাদি নির্মাণ করিয়া "নাম-ব্রহ্ম" ঠাকুর প্রতিষ্ঠা করেন। সেই সময় হইতে তিনি "গম্ভীরা" ছাড়িয়া তাঁহার প্রতিষ্ঠিত শ্রীমন্দিরে ভজন করিতে লাগিলেন। শ্রীনাম ব্রহ্ম ঠাকুরের সেবার নিমিত্ত অনেক ভক্ত শ্রীভগবানদাস বাবাজী মহাশয়কে কিছু কিছু স্থাবর সম্পত্তি দান করিয়া-ছিলেন। বাবাজী মহাশয় একটি ''উইল'' করিয়া তাহাতে তাঁহার ইচ্ছা প্রকাশ করিয়া গিয়াছিলেন যে, তাঁহার প্রতিষ্ঠিত "নাম-ব্রহ্ম" ঠাকুরের সেবাইত শিষ্যগত ভাবে হইবেন, যদি কোনও সেবাইত উপযুক্ত না হয়েন কিম্বা শিষ্য সেবাইত নিযুক্ত না করিয়া দেহ-রক্ষা করেন, তবে ভৎকালীন প্রীগোরীদাস পণ্ডিতের শ্রীমন্দিরের সেবাইতগণই তাঁহার প্রতিষ্ঠিত এই "ঠাকুরের" সেবাইত ও পরিচালক হইবেন। ঞ্জল ভগবানদাস বাবাজী মহাশয় শ্রীবিফুদাস বাবাজী নামক তাঁহার জনৈক শিষাকে সেবাইত নির্দারিত করিয়া ভজন করিতে করিতে সন ১২৯০ সালের আশ্বিন ক্ষান্ট্রমী তিথিতে ৺ধাম প্রাপ্ত হয়েন। ''শ্রীনাম ব্রহ্ম'' ঠাকরের আঙ্গিনায় বাবাজী মহাশয়কে সমাহিত করা হয়। তাঁহার "শ্রীনাম-ব্রহ্ম" ঠাকুর ও সমাজ বহু ভক্ত দর্শন করিয়া গিয়াছেন। শ্রীপাট অম্বিকায় আসিবার দিন হইতে শেষ দিন পর্য্যস্ত দৈনিক ঞ্জীশ্রীণাসের শ্রীশ্রীনিতাইচৈতুমূের অন্নপ্রসাদ ব্যতীত শ্রীল ভগবানদাস বাবাজী মহাশয় অপর অন্ন গ্রহণ করেন নাই।

অদ্যাপিও বাবাজী মহাশয়ের সমাজে ভোগ দিবার জন্ম শ্রীশ্রীমহাপ্রভুজীউ ঠাকুরের অন্নপ্রসাদ দৈনিক মধ্যাক্তে পাঠান হয়।

কথিত আছে যে. শ্রীভগবানদাস বাবাজী মহাশয় তাঁহার প্রতিষ্ঠিত ঠাকুর বাড়ীতে একদিন সমাধিস্থ অবস্থায় বসিয়াছিলেন, সেই সময় তাঁহার অভূত শক্তির কথা এবনে তৎকালীন বৰ্দ্ধমান মহারাজাধিরাজ বাহাত্বর তাঁহাকে দর্শন করিতে সেই স্থানে গমন করেন। মহারাজাধিরাজ উপস্থিত হইবা মাত্র বাবাজী মহাশয় "হেটু হেট্" শব্দ করিয়া উঠিলেন। মহারাজাধিরাজ মনে করিলেন, তিনি "বিষয়ী" লোক বলিয়া বাবাজী মহাশয় তাঁহার সাহচর্য্য পছন্দ না করায় এরপ করিয়া উঠিলেন। মহারাজ কিঞ্চিৎ হুঃখিত হইয়া স্থান ত্যাগ করিয়া গেলেন। বাবাজী মহাশয়ের সমাধিভঙ্গের পর উপস্থিত ভক্তগণ তাঁহাকে মহারাজ আসিবার ঘটনা সমস্ত বলিলেন। বাবাজী মহাশয় তখন হাসিয়া বলিলেন যে. তিনি মহারাজ আগমনের বিষয় কিছুই জানেন না, তিনি তখন ঞীধাম বুন্দাবনে শ্রীগোবিন্দজীউর মন্দিরের তুলসা গাছ ছাগলে খাইতেছিল বলিয়া সেই ছাগল তাড়াইতে গিয়াছিলেন। এই কণা তৎক্ষণাৎ মহারাজকে হইলে, মহারাজ "টেলিগ্রাফ" যোগে শ্রীধাম বন্দাবন হইতে খবর আনাইয়া জানিলেন, "হাঁা, একজন বৃদ্ধ বাবাজী সেই ছাগল তাড়াইয়াছেন এবং সেই বাবাজীকে তাঁহারা কখনও

দেখেন নাই।" মহারাজার ভক্তি তথন বাবাজী মহাশয়ের উপর আরও দৃঢ় হইল।

শ্রীবিষ্ণুদাস বাবাজী মহাশয় কিছুদিন "নাম-ব্রহ্ম" ঠাকুরের সেবা পূজা করিবার পর এক অতি অল্প বয়স্ক শিষ্যকে সেবাইত মনোনীত করিয়া হঠাৎ দেহ রক্ষা করেন। সেই অতি অল্প বয়স্ক সেবাইতও হঠাৎ প্রলোক গমন করিলে. "শ্রীনাম-ব্রহ্ম" ঠাকুরের উপযুক্ত সেবাইত না থাকায়, ঠাকুর-সেবা কিছুদিন বড়ই গোলযোগের সহিত হইতে থাকে এবং সেই সময় ঠাকুরের অনেক সম্পত্তি নষ্ট হয়। শ্রীল ভগবানদাস বাবাজী মহাশয়ের ''উইলে" লিখিত ইচ্ছা অনুসারে বর্ত্তমানে জীগ্রীদাস শ্রীমন্দিরের সেবাইতগণ 'শ্রীনাম-ব্রহ্ম' ঠাকুরের সেবাইতরূপে নিযুক্ত আছেন। "শ্রীনাম-ব্রহ্ম" ঠাকুরের এবম্প্রকার আর্থিক ছুরবস্থা হেতু বর্ত্তমান সেবাইতগণ শ্রীপাট অম্বিকার ব্যবসাদারগণের সাহায্য চাহিলে তাঁহারা সকলে একযোগে ''৺বৃত্তি'' স্থাপনার দারা 'তাঁহাদের মধ্য হইতে কয়েক জনকে "ট্রাষ্টি"-রূপে নিরূপিত করিয়া ঠাকুরের আর্থিক অবস্থার যথেষ্ট উন্নতি করিয়াছেন। যে অম্বিকার রজের প্রতি কণা অনুকণা কৃষ্ণপ্রেম মিশ্রিত, সেই অম্বিকার পরম ধর্ম্মপ্রাণ ব্যবসাদারগণ যে এই মহত্ব প্রকাশ দারা প্রাচীন স্মৃতি ও সিদ্ধ সেবা রক্ষা করিবেন, তাহাতে আর আশ্চর্য্যান্বিত হইবার কি আছে ? শ্রীভগবান ভাঁহাদের সর্বাঙ্গীন মঙ্গল করিবেন,—ইহা স্থনিশ্চিত।

শ্রাপাট-অম্বিকার শ্রীশ্রীদাস পণ্ডিত ঠাকুর-শ্রীমন্দিরের



সিংহদার ও ততুপরি রাস-মঞ্চ।

মোগল রাজহুকালে তংকালীন খ্রীশ্রীল বর্দ্ধমানাধিপতি মহারাজাধিরাজ বাহাতুর এী শ্রীগোরীদাসের সেবার সাহায্য কল্পে কিছু জমি দান করিয়াছিলেন এবং মাসিক দুশ টাকা কিম্বা ততুপযুক্ত "সিধা" অভাপিও বর্ত্তমান মহারাজ বাহাতুর দান করিতেছেন। এী শ্রীভগবান শ্রী শ্রীকৃষ্ণচৈতত্য-নিত্যানন্দ প্রভু মহারাজের সর্বাঙ্গীন মঙ্গল করিয়া তাঁহাকে চির-উন্নতি এবং দীর্ঘ জীবন দান করুন, ইহাই সর্ব্বদা প্রার্থনা করি। ঢাকা নবাবপুর নিবাসী পরম বৈষ্ণব মদনমোহন পাল মহাশয় প্রভুর শ্রীমন্দির ও নাট-মন্দিরের মেঝে মর্ম্মর প্রস্তরের করিয়াছেন। অম্বিকা নিবাসী দাতা ও বিখ্যাত চাউল ব্যবসায়ী ৺কৃষ্ণচন্দ্র ঘোষ মহাশয় প্রভুর সিংহদার সংস্কার করিয়া তাহার উপর একটি পাকা দালান তৈয়ারী করাইয়া দিয়া জনসাধারণের নিকট চিরস্মরণীয় হইয়া আছেন। প্রভুর প্রাচীন "রাস-মণ্ডল" ভাঙ্গিয়া যাওয়ায় বর্ত্তমানে ঐ দ্বিতল দালানের উপর প্রভুর রাস-লীলা-মহোৎসব অরুষ্ঠিত হইতেছে। উক্ত পরম বৈষ্ণব ৺কৃষ্ণচন্দ্র ঘোষ মহাশয়ের কনিষ্ঠ জামাতা শ্রীমান পঞ্চানন সাবুই, নিজ কর্ম-সময়ের যথেষ্ট ক্ষতি স্বীকার করিয়াও, অবৈতনিক তত্ত্বাবধায়ক রূপে অক্লান্ত পরিশ্রম সহকারে উক্ত শ্রীশ্রীনাম-ব্রহ্ম ঠাকুরের সর্ব বিষয় বৈষয়িক কার্য্য স্থন্দররূপে ব্যবস্থা করিয়া নিজের মহান ধর্মপ্রাণতার পরিচয় দিতেছেন। আশীর্কাদ করি,— তিনি সারা জীবন এই মহান্ ব্রতে ব্রতী থাকিয়া দার্ঘ জীবন লাভ করুন; এই কর্ম্ম দারা তাঁহার পরিবার বর্গের সকলেরই ঐহিক ও পারত্রিক, উভয় প্রকার মঙ্গলই সাধিত হুইবে। স্থুদুর বক্ষদেশের "মণ্ডালে" নিবাসী শ্রীচন্দ্র সিং নামক জনৈক পরম ভক্ত বহু অর্থব্যয়ে একটি প্রকাণ্ড ইন্দারা খনন করাইয়া দিয়া প্রভুদর্শনে সমাগত ভক্তগণকে তথা স্থানীয় পল্লীবাসিগণকে প্রচুর জলদান জনিত মহাপুণ্য অর্জন করিতেছেন। উক্ত ৺মদন মোহন পালের উপযুক্ত পুত্র পরম বৈষ্ণব শীরজনীকান্ত পাল মহাশয় প্রভুর শ্রীমন্দিরের বাহির দিকে সম্মুখ ভাগের পাত্রে "মিন্ট টাইলের" কার্য্য করাইয়া উহা স্থরম্য করিয়া দিয়াছেন। কালনা থানার অন্তর্গত চা-গ্রাম নিবাসী অবসরপ্রাপ্ত প্রবীণ উকিল শ্রীরজনীকান্ত কুমার মহাশয় প্রভুর নাট-মন্দিরের চতুষ্পার্শ্বের বারান্দা সংস্কার করিয়া দিয়াছেন। আজ প্রায় সাডে চারি শত বৎসরের মধ্যে বহু ভক্ত বহু প্রকারে শ্রীশ্রীগৌরীদাস পণ্ডিত প্রতিষ্ঠিত সেবাকে সাহায্য করিয়াছেন এবং করিতেছেন, সকলের নাম আমার না জানা হেতু এবং ভ্রম ও অজ্ঞানতাবশতঃ প্রত্যেকের নাম উল্লেখ করিতে পারিলাম না; আমার অজ্ঞানকৃত ত্রুটি ভক্তগণ, প্রম বৈষ্ণবরুন্দ যেন মার্জ্জনা করেন।

প্রায় একশত বংসর পূর্ব্বে একদিন ভারে রাত্রে শ্রীশ্রীগৌরীদাস শ্রীমন্দিরের তংকালীন সেবাইত শ্রীল গোরাচাঁদ ঠাকুর মহাশয়কে শ্রীশ্রীনিত্যানন্দ প্রভু স্বপ্নাদেশ করিলেন,— "আমি বেড়াইতে গিয়া আমার খড়ম ফেলিয়া আসিয়াছি,

সেই খড়ম খুঁজিয়া আন।" স্বপ্নাদেশ পাইয়া ঠাকুর মহাশয় সেই শেষ রাত্রেই স্নান করিয়া শ্রীমন্দিরে গেলেন। ওদিকে তংকালীন শ্রীমন্দিরের এক বৃদ্ধ পূজারীকেও একই সময়ে স্বপ্লাদেশ হইয়াছিল। সেই বৃদ্ধ পূজারীও স্নান করিয়া ভয়ে কাঁপিতে কাঁপিতে এমিন্দিরের দ্বারে আসিয়া উপস্থিত। শ্রীল গোরাচাঁদ ঠাকুরের সহিত বৃদ্ধ পূজারীর দেখা হইতেই উভয়ে উভয়ের দিকে তাকাইয়া বুঝিলেন যে, ব্যাপার একই। তখন এমিন্দিরের দার খুলিয়া উভয়ে দেখিলেন যে, শ্রীশ্রীনিত্যানন্দ প্রভুর এক পাটি খড়ম নাই। অনুসন্ধানের জন্ম ছই জনে শ্রীমন্দির আঙ্গিনায় আসিলেন। এদিকে একজ্বন "পাইক" প্রায় ভোর হইয়াছে দেখিয়া মুখ হাত ধুইতে বাহির হইয়া আঙ্গিনা মধ্যস্থিত রাস্তায় সেই খড়ম কুড়াইয়া পাইল। খড়ম পাইয়া সে মনে করিল, উহা নিশ্চয় তাহার মনিব শ্রীগোরাচাঁদ ঠাকুরের। সেই জন্ম উহা মাথায় লইয়া সে এমিন্দিরের দিকে আসিতেছিল। আঙ্গিনা হইতে খড়ম মাথায় পাইককে দেখিয়া শ্রীল গোরাচাঁদ ঠাকুর তাহাকে জড়াইয়া ধরিয়া কাঁদিতে কাঁদিতে বলিলেন,—"তুই কি ভাগ্যবান রে! তুই আমার আগে প্রভুর খড়ম মাথায় করিয়া আনিলি—আর আমি পারিলাম না। তুই আমার প্রভুর কৃপাপাত্র, আয় তুই আমার বুকে আয়।" স্বয়ং শ্রীভগবান সেই খড়ম ফেলিয়া আসিয়াছেন জানিয়া পাইক মূর্চ্ছিত হইয়া পড়িল। কিছুক্ষণ পরে পাইকের

জ্ঞান হইল। তখন শ্রীগোরীদাস-মন্দিরে আনন্দধ্বনি উঠিল।

আমার দাদামহাশয় শ্রীগোরীদাস শ্রীমন্দিরের সেবাইত শ্রীগোরগত-প্রাণ শ্রীল আনন্দলাল গোস্বামী মহাশয় আজ অল্পকাল হইল স্থাচীন হইয়া শ্রীকৃষ্ণ চৈতন্ত নাম ভজন করিতে করিতে ৭৫ বংসর বয়সে নিত্যধামে গমন করিয়াছেন। আমি তাঁহার নিকট হইতে শ্রীগোরীদাস শ্রীমন্দিরের বহু প্রকার লীলা বর্ণনা শ্রবণ করিয়াছি। গ্রন্থ বাহুল্য ভয়ে অনেক বিষয় দিতে পারিলাম না। আমার উক্ত দাদা প্রভুর ন্থায় ভক্ত এবং শ্রীকৃষ্ণ-কৃপা-প্রাপ্ত পরম বৈষ্ণবগণ যে আজিও শ্রীগোর লীলা প্রত্যক্ষ দর্শন করিতেছেন,—ইহা অতি সত্য।

এই মত শ্রীশ্রীগোরীদাস-মন্দিরে শ্রীশ্রীনিত্যানন্দ-হৈতন্ত প্রভু কত যে নিত্য নৃতন লীলা প্রকাশ করিতেছেন ভাষা ব্যখ্যা করা কোনও মানব-শক্তির পক্ষে সম্ভবপর নহে।

> "অত্যাপিও সেই লীলা করে গৌর রায়। কোন কোন ভাগ্যবানে দেখিবারে পায়॥"

জ্রীপাট-অম্বিকায় **শ্রীশ্রীদাস-শ্রীমন্দিরে**

শ্রীক্রীকৃষ্ণ-চৈত্য-নিত্যানন্দ প্রভু-দর্শনে সমাগত



ভক্তের জন্ম ইন্দারা। দণ্ডায়মান অবস্থায়—লেথক।

গ্রী শ্রী শিক্ষাষ্টকং।

(শ্রীশ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপ্রভুর নিজের শ্রীমুখের বাণী)

চেতোদর্পণ-মার্জ্জনং ভব-মহাদাবাগ্নি-নির্ব্বাপণং শ্রেয়ংকৈরব-চন্দ্রিকা-বিতরণং বিভাবধৃ-জীবনং। আনন্দাস্বৃধি-বর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং সর্ব্বাত্ম-স্বপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তনং॥ ১

নামামকারি বহুধ। নিজ-সর্বশক্তি—
স্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।
এতাদৃশী তব কুপা ভগবন্। মমাপি
হুদ্বৈমীদৃশমিহাজনি নানুরাগঃ॥ ২

তৃণাদপি স্থনীচেন তরোরিব সহিফুনা। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ॥ ৩

ন ধনং ন জনং ন স্থলরীং কবিতাং বা জগদীশ ! কাময়ে । মম জন্মনি জন্মনীশ্বরে ভবতান্তক্তিরহৈতুকী হয়ি॥ ৪

অয়ি নন্দতনৃজ! কিঙ্করং পতিতং মাং বিষমে ভবাসুধৌ। কুপয়া তব পাদপঙ্কজ-স্থিত-ধূলী-সদৃশং বিচিন্তয়॥ ৫ নয়নং গলদশ্রু-ধারয়া বদনং গণগদ-রুদ্ধয়া গিরা। পুলকৈর্নিচিতং বপুঃ কদা তব নাম-গ্রহণে ভবিষ্যতি॥ ৬

যুগায়িতং নিমেষণ চক্ষুষা প্রাব্যায়িতং।
শৃত্যায়িতং জগৎ সর্ব্বং গোবিন্দ-বিরহেণ মে॥ ৭

আশ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মামদর্শনাম্মর্মহতাং করোতু বা। যথা তথা বা বিদধাতু লম্পটো মংপ্রাণনাথস্ত স এব নাপরাঃ॥ ৮

> ইতি শ্ৰীশ্ৰীক্লফটৈতন্ত্য-মহাপ্ৰভোমু খাজ-বিগলিতং শ্ৰীশ্ৰীশিক্ষাষ্টকং সম্পূৰ্ণং।

শ্রীশ্রীশিক্ষাষ্টকের অনুবাদ।

শ্রীশ্রীকৃষ্ণ-চৈতন্ত মহাপ্রভু জীব শিক্ষার জন্ত নিজে যে আটটি শ্লোক রচনা করিয়াছিলেন, তাহাই শ্রীশ্রীশিক্ষাষ্টক নামে পরিচিত। ভক্ত-জনের পরিতৃপ্তি হেতু তাহার মর্মান্ত্রাদ দিবার চেষ্টা করিলাম। আশা করি ইহা ভক্তের প্রাণে আনন্দ দান করিবে।

১ম স্লোক:-

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী মহাশয় তাঁহার শ্রীশ্রীচৈতস্তুচরিতামৃত গ্রন্থে ইহার বর্ণনানুবাদ করিয়াছেন,—

"সংকীর্ত্তন হৈতে পাপ সংসার নাশন।
চিত্ত শুদ্ধি সর্ব্ব ভক্তি সাধন উদ্গম॥
কৃষ্ণ প্রেমোদগম প্রেমায়ত আস্বাদন।
কৃষ্ণপ্রাপ্তি সেবায়ত সমুদ্রে মজ্জন॥
উঠিল বিষাদ দৈক্য পড়ে আপন শ্লোক।
যাহার অর্থ শুনি সব যায় তুঃখ শোক॥"

যে শ্রীনাম-সঙ্কীর্ত্তন মনের ময়লা পরিষ্কার করতঃ মনকে
নির্মাল, পবিত্র, সুস্থ এবং উজ্জ্বল করে, যে শ্রীনাম—সঙ্কীর্ত্তন
নিখিল বিশ্বের ত্রিতাপের জ্বালা নির্বাণ করতঃ জীবকে মুক্তির
পথে লইয়া যায়, যে শ্রীনাম-সঙ্কীর্ত্তন জীব-জগতের সকল
প্রকার মঙ্গল সাধন করে, যে শ্রীনাম-সঙ্কীর্ত্তন পরুম তত্ত্ত্তান

প্রদান করতঃ জীবের আনন্দ-সাগর সদা পরিবর্দ্ধন করে, যে শ্রীনাম-সঙ্কীর্ত্তন জীবনের প্রতি মুহূর্ত্তে অমৃত-রসের পূর্ণ আস্বাদন প্রদান করতঃ সর্কেন্দ্রিয়ের পরিতৃপ্তি সাধন করে,— সেই শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তনই সর্ক্তোপরি শ্রেষ্ঠ বস্তু রূপে বিরাজ করিতেছেন;—অতএব জয় জয় শ্রীকৃষ্ণ-সঙ্কীর্তনের জয়।

১য় Cয়্লাক ঃ—

শ্রীশ্রীচৈতক্মচরিতামৃত প্রন্থে,—

"অনেক লোকের বাঞ্ছা অনেক প্রকার।
কুপাতে কহিল অনেক নামের প্রচার॥
খাইতে শুইতে যথা তথা নাম লয়।
কাল দেশ নিয়ম নাহি সর্ব্ব সিদ্ধি হয়॥
সর্ব্বশক্তি নামে দিল করিয়া বিভাগ।
আমার তুদৈবি নামে নাহি অনুরাগ॥"

হে পরমক্পাময় ভগবান্! বিভিন্ন ক্রচির জীবের জন্ম তুমি তোমার বিভিন্ন রূপ বহু সংখ্যক নামের প্রবর্ত্তন করিয়া সেই সকল নামে তোমার পূর্ণ শক্তি প্রদান করিয়াছ এবং সেই সকল নাম লইবার জন্ম স্থান কালেরও কোন নিয়ম কর নাই অর্থাং যে কোনও স্থানে যে কোনও সময়েই শ্রীনাম করিতে পারা যায়,—তাহার কোনও বিধি নিষেধ নাই। হে দয়াময়! তোমার এত দয়া স্বত্বেও আমার এত হুরাদৃষ্ট যে, তোমার ঐ সকল কোনও নামেই আমার ক্রচি জন্মিল না।

এয় ক্লোক ঃ-

শ্রীশ্রীচৈতক্মচরিতামৃত গ্রন্থে,—

"যে রূপে লইলে নাম প্রেম উপজায়।
তার লক্ষণ শ্লোক শুন স্বরূপ রামরায়॥
উত্তম হঞা আপনাকে মানে তৃণাধম।
তৃই প্রকারে সহিঞ্তা করে বৃক্ষ সম॥
বৃক্ষ যেন কাটিলেহ কিছু না বোলয়।
শুকাইয়া মৈলে কারে পানী না মাগয়॥
যেই যে মাগয়ে তারে দেই আপন ধন।
ঘর্ম বৃষ্টি সহে আনের করয়ে রক্ষণ॥
উত্তম হঞা বৈষ্ণব হবে নীরভিমান।
জীবে সম্মান দিবে জানি কৃষ্ণ অধিষ্ঠান॥
এই মত হঞা যেই কৃষ্ণ নাম লয়।
শ্রীকৃষ্ণ চরণে তার প্রেম উপজায়॥"

তৃণ অপেক্ষাও নীচ হইয়া বৃক্ষের মত সহিফুতা অবলম্বনপূর্ব্বক সর্ব্ব জীবে সম্মান প্রদান করতঃ সর্ব্বদা হরিনাম মহামন্ত্র জপ করিতে হইবে।

তৃণ অপেক্ষা (ঘাসের চেয়ে) নীচ হওয়া মানে— ঘাসের উপর পা দিলে ঘাস নীচু হইয়া যায় বটে কিন্তু পা সরাইয়া লইলে ঘাস আবার সোজা হইয়া উঠে। বৈষ্ণবকে অত্যাচার, কটুক্তি, নিন্দা এমন কি দৈহিক নির্য্যাতন পর্যান্ত অম্লান বদনে সহা করিতে হইবে এবং সেই অত্যাচারী চলিয়া যাইলে, তাহার অসাক্ষাতেও তাহার নিন্দা কিম্বা তাহার কার্য্যের কোনওরূপ সমালোচনা বা প্রতিবাদ করা চলিবে না; অর্থাৎ অত্যাচারীর অসাক্ষাতেও তাহার কার্য্যের নিন্দা না করা,—ঘাসের চেয়ে নীচু হওয়া।

গাছের মত সহিষ্ণুতা, মানে—

গাছকে যখন কাটিয়া ফেলা হইতেছে, তখনও গাছ যেমন কিছু বলে না, উপরস্ত ছায়া দান করে; জল অভাবে শুকাইয়া মরিতে চলিলেও যেমন কাহার নিকট জল চাহে না অপিচ সামর্থ্য মত তখনও ফল ফুল দান করে;—সেই মত বৈশ্বরে পক্ষে অবিচলিত ধৈর্য্য সহকারে অত্যাচারের প্রতিবাদ না করিয়া নির্কিবকার চিত্তে অত্যাচারীর উপকারে মনপ্রাণ নিয়োগ করিতে হইবে; খাছ্য অভাবে কন্ট পাইলেও কাহারও নিকট যাজ্ঞা করা হইবে না, অ্যাচিত ভিক্ষা দ্বারা অভাবে বন্থ শাক ফল সংগ্রহ করিয়া জীবন ধারণ করিতে হইবে।

অমানী ব্যক্তিকে সম্মান করা, মানে—

নিজে সর্বাদাই নীরভিমান হইয়া পাপাচারীর আত্মাতেও শ্রীকৃষ্ণ বিরাজ করিতেছেন জ্ঞানে তাহাকেও সম্মান করিতে হইবে। কখনও কোন প্রকারেও তাহাকে ঘৃণা করা চলিবে না; অর্থাৎ কু-কর্ম্মের জন্ম সমাজ এবং জনসাধারণের নিকট উপেক্ষিত, ঘৃণিত, পরিত্যক্ত ব্যক্তিও কোন কার্য্যের জন্ম নিকটে আসিলে, তাহারও সহিত সম্মান সহকারে প্রয়োজন মত আলাপ করিতে হইবে।

সর্বাদা হরিনাম করা, মানে—

আসন, কোশা-কুশি, ধূপ-ধূনা প্রভৃতি লইয়া বেশ করিয়া "সাজগোছ" সহকারে না বসিলে যে হরিনাম করা হইবে না,—এমন নহে। হরিনাম মহামন্ত্র জপ করিবার কোনরূপ বাঁধাবাঁধি সময়, স্থান কিম্বা নিয়ম নাই। যে কোনও সময়, যে কোনও স্থানে, যখন তখন হরিনাম যখন করিতে পারা যায়, তখন আর ভাবনা কি? সব সময়েই হরিনাম অভ্যাস করিতে হইবে। এইরূপে সর্ব্বদাই হরিনাম অভ্যাস করিতে হইবে। এইরূপে সর্ব্বদাই হরিনাম অভ্যাস করিতে পারিলে, জ্রীগোপীজনবল্লভ জ্রীকৃষ্ণের দেবতাবাঞ্ছিত প্রেমভক্তি লাভ করিয়া চিরানন্দ-সাগরের সন্ধান পাওয়া যায়।

পরমরসিক ভক্তপ্রবর শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী মহাশয়ের রসাল ভাষায় এই শ্লোকের বর্ণনা শ্রবণ করিয়া প্রেমানন্দ-রসে ভাসিতে থাকুন:—

তৃণ হৈতে নীচ হঞা সদা লইবে নাম।
আপনি নিরভিমানী অন্তে দিবে মান॥
তরুসম সহিফুতা বৈষ্ণব করিবে।
ভংসন তাড়নে কাকে কিছু না বলিবে॥
কাটিলেও তরু যেন কিছু না বোলয়।
ভুকাইয়া মরে কভু জল না মাগয়॥

এই মত বৈশ্বব কারে কিছু না মাগিবে।
অযাচিত বৃত্তি কিম্বা শাক ফল খাবে॥
সদা নাম লভে যথা নামাতে সম্ভোষ্।
এইমত আচার করি ভক্তি ধর্ম পোষ॥
—শ্রীচৈত্ত্য-চরিতামুত

প্রহাত লোক ঃ—

শ্রীশ্রীচৈতগুচরিতামৃত গ্রন্থে,—

"ধন জন নাহি মার্গো কবিতা স্থলরী। শুদ্ধ ভক্তি দেহ মোরে কৃষ্ণ কুপা করি॥ অতি দৈত্যে পুনঃ মার্গো'দাস্ত ভক্তি দান। আপনাকে করে সংসারী জীব অভিমান॥"

হে জগদীশ্বর! আমি পার্থিব জগতের ধন, মান, আত্মীয়

শেষজন প্রভৃতি কিছুই কামনা করি না; স্থান্দর কবিতা লিখিবার

শামতাও চাহি না,—অর্থাৎ স্থান্দর স্থান্দর কাব্য, মহাকাব্য
প্রভৃতি লিখিয়া লোক যেমন ইহ জগতে অমর হইয়া থাকে,
সেইরূপ অমর্থও আমি চাহি না; কেবল এই চাই, যেন
জন্মে জন্মে তোমার শ্রীপাদপদ্মে আমার কামনাহীন প্রেমভক্তি
লাভ হয়।

৫ম প্লোক ঃ-

শ্রীশ্রীচৈতহ্যচরিতামৃত গ্রন্থে,—

বেতামা নিত্যদাস মুঞি তোমা পাসরিয়া।
পড়িয়াছোঁ। ভবার্ণবে মায়াবদ্ধ হঞা।

কুপা করি কর মোরে পদধূলী সম। তোমার সেবক করেঁ। তোমার সেবন॥

হে নন্দ-সূত! আমার ন্থায় তোমার একজন ফুজ দাসাত্মদাস আজ ভব-সাগর-বিপাকে পড়িয়াছে; আমাকে তোমার শ্রীচরণ-রজের মত মনে কর, আমাকে কুপা করিয়া তোমারই সেবায় নিয়োজিত কর। তোমার সেবায় রত থাকিয়া আমার আত্মা স্থাীতল হউক।

৬ষ্ঠ শ্লোক ঃ-

শ্রীশ্রীচৈতক্সচরিতামৃত গ্রন্থে,—

"প্রেমধন বিনা ব্যর্থ দরিত্র জীবন।

দাস করি বেতন মোরে দেহ প্রেমধন॥"

হে গোবিন্দ! তোমার নাম কীর্ত্তন করিতে করিতে করিতে কবে আমার চক্ষু আনন্দধারায় বিগলিত হইবে, কণ্ঠ গদ-গুদ ভাবে রুদ্ধ হইবে এবং শরীর পুলকশিহরণে রোমাঞ্চিত হইয়া উঠিবে ?

৭ম শ্লোক ঃ-

শীশীচৈতত্মচরিতামৃত গ্রন্থে,—

"উদ্বেগে দিবস না যায় ক্ষণ হইল যুগ-সম।

বর্ষার মেঘ প্রায় অশ্রু বর্ষে নয়ন॥

গোবিন্দ বিরহে শৃত্ম হইল ত্রিভূবন।

তুষানলে পোড়ে যেন না যায় জীবন॥"

স্থি হে! শ্রীকৃষ্ণের বিরহে অতি অল্প সময়ও আমার নিকট যেন যুগ বলিয়া মনে হইতেছে, বর্ষাধারার ফায় আমার চক্ষু হইতে অবিরত অশ্রুবারি ঝরিতেছে এবং আমার নিকট সমস্ত জগৎ শৃশুময়রূপে প্রতীয়মান হইতেছে।

৮ম শ্লোক ঃ-

ঞ্জীঞ্জীচৈতম্যচরিতামৃত গ্রন্থে,—

"আমি কৃষ্ণপদ দাসী, তিঁহ রস স্থুখ রাশি.

७२ प्रम द्व प्रामि,

আলিঙ্গিয়া করে আত্মসাথ।

কিবা না দেন দরশন,

না জানে আমার তরু মন,

তভু তেঁহ মোর প্রাণনাথ।

স্থি হে শুন মোর মনের নিশ্চয়।

কিবা অনুরাগ করে,

কিবা ছঃথ দিয়া মারে,

মোর প্রাণেশ্বর কৃষ্ণ অন্য নয়॥

ছাড়ি অহা নারীগণ,

মোর বশ তত্র মন,

মোর সৌভাগ্য প্রকট করিয়া।

তা সবারে দেন পীড়া,

আমা সনে করে ক্রীড়া,

সেই নারীগণে দেখাইয়া॥

কিবা ভিঁহ লম্পট,
শঠ ধৃষ্ট সকপট,
অন্ত নারীগণ করে সাথ।
মোরে দিতে মনপীড়া,

মোর আগে করে ক্রীড়া,

তভু তিঁহ মোর প্রাণনাথ॥"

হে সথি! প্রীকৃষ্ণ তাঁচার প্রীচরণতলে আমাকে আশ্রয়ই দিন কিম্বা তাঁহার প্রীচরণের দারা আমাকে পেষণই করুন; তাঁহার অদর্শনে আমার মর্ম্মগ্রন্থি ছিন্নই হউক অথবা সেই লম্পট আমাকে পরিত্যাগ্যন্তে অপর রমণীর নিকট গমনই করুন,—তাঁহার ইচ্ছামত আমার সহিত যেরূপ ব্যবহারই করুন না কেন,—তথাপি তিনিই আমার একমাত্র প্রাণেশ্বর, অপর কেহই নহে।

সমাপ্ত